ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ **সারাদিন**

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




নগ্ন পুরুষদের নিয়ে বিদ্যা বালানের মন্তব্য

পৃঃ ৫



ভারত-পাকিস্তান সিরিজ নিয়ে যেসব কথা বললেন রোহিত শর্মা

পৃঃ ৬


Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১১১ ● কলকাতা ● ১১ বৈশাখ, ১৪৩১ ● বুধবার ● ২৪ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


### মমতার দাবি,

## একতরফা রায়' দিয়ে চাকরি বাতিল করা হল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২৬ হাজার শিক্ষক ও অশিক্ষক কর্মীর চাকরি বাতিল নিয়ে মঙ্গলবারও প্রতিবাদ জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি জানালেন যে, কোথাও একটা 'ভুল' হয়েছে। কিন্তু তার জন্য কেন 'চাকরি খাওয়া' হল, সে প্রশ্নও তুলেছেন তিনি। বিষয়টি নিয়ে বিজেপির দিকেও আঙুল তুলেছেন তৃণমূলনেত্রী।চাকরি বাতিলের রায় নিয়ে মমতা আঙুল তুলেছেন বিচারপতিদের দিকেও। তাঁদের নেপথ্যে বিজেপি কাজ করছে বলেও অভিযোগ করেছেন তিনি। তাঁর কথায়, "সরকারি টাকায় খাবে। সরকারি টাকায় চলবে। নিরাপত্তা নেবে। সরকারি টাকা সবটাই হজম করবে। আর বলবে, এক কলমের খোঁচায় সকলের চাকরি চলে গেল! আপনার নিজের ছেলেমেয়ের চাকরি গেলে ভাবতেন না?" মমতা তাঁদের উদ্দেশে এ-ও

এরপর ৩ পাতায়

### সন্দেশখালি ইস্যু টেনে এনে শাহের দাবি,

## এরাজ্যের মা-বোনরা বিজেপির হাতে সুরক্ষিত থাকবেন



**রায়গঞ্জঃ নিউজ সারাদিন :** ২০২৪-এর লোকসভা ভোটের নির্ঘণ্ট ঘোষণার পর বারবার বাংলায় আসছেন অমিত শাহ। পালা করে বঙ্গে আসছেন নরেন্দ্র মোদি, অমিত শাহ। তৃতীয় দফা ভোটের প্রচারে আবারও মঙ্গলবার বঙ্গে এলেন তিনি। এদিন মালদা ও উত্তর দিনাজপুরে জোড়া কর্মসূচি করলেন তিনি। প্রথমে মালদা উত্তর লোকসভা কেন্দ্রের প্রার্থী খগেন মুর্মু ও দক্ষিণ লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শ্রীরূপা মিত্র চৌধুরীর সমর্থনে ইংরেজবাজারে রোড শো করেন অমিত শা।

এছাড়া সিএএ ইস্যুতে আক্রমণ শানাতে গিয়ে তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাদেশ থেকে আসা শরণার্থীদের আশ্রয় দিতে চাইছেন না। হিন্দু, বৌদ্ধ, শিখ, জৈন শরণার্থীদের নাগরিকত্ব দিতে চাইছেন না। আমি কথা দিচ্ছি সব হিন্দু শরণার্থীরা নাগরিকত্ব পাবে। মমতা বন্দ্যোপাধ্যায় অনুপ্রবেশকারীদের প্রশ্রয় দিচ্ছে' সন্দেশখালি ইস্যু টেনে এনে শাহের দাবি, এরাজ্যের মা-বোনরা বিজেপির হাতে সুরক্ষিত থাকবেন। দুর্নীতি ইস্যুতেও ফের একবার শাহের মুখে পার্থ চট্টোপাধ্যায় প্রসঙ্গ। বললেন, তৃণমূলের এক মন্ত্রীর বাড়ি থেকে ৫১ কোটি টাকা পাওয়া গেছে। তৃণমূলের যে নেতারা দশ বছর আগে ঝুপড়ি থাকত, সাইকেলে ঘুরত,

এরপর ৩ পাতায়

### আমার বিরুদ্ধে এত রাগ তো বোমা ফাটিয়ে মেরে দে,

# অভিষেককেও তো খুন করতে গেছিলি:মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত শনিবার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছিলেন, সোমবার বিস্ফোরণ হবে। তাতে বেসামাল হয়ে যাবে তৃণমূল। শুভেন্দু স্পষ্ট করে বলেননি তিনি বোমা বিস্ফোরণ বলতে কী বোঝাতে চেয়েছিলেন। তবে অনেকেই ধরে নেন যে নিয়োগ দুর্নীতি নিয়ে হাইকোর্টের চূড়ান্ত রায়ের দিকে ইঙ্গিত করতে চেয়েছিলেন তিনি।এ ব্যাপারে বিজেপি নেতা দিলীপ ঘোষ আবার বলেন, 'একুশের ভোটে পায়ের সমস্যা ছিল। তার পর মাথায় চোট। এখন বলছে, মেরে ফেলতে চাইছে। আরে শাহজাহানের মতো সন্ত্রাসবাদীরা তো তৃণমূলের সঙ্গেই রয়েছে। ওদের আবার মারবে কে?'

এদিন বীরভূমের সভায় মমতা আরও বলেন, 'এরা চায় যারা ওদের বিরুদ্ধে কথা বলে তাদের মেরে দাও। সত্যি যদি তোমাদের মনে হত তোমরা জিতবে তাহলে এত ভয় দেখানোর কী ছিল?' মমতার কথায়, ভোটের জন্যই কেষ্টকে আটকে রেখেছে। দেখবেন, ভোটের পরই ছেড়ে দেবে। মঙ্গলবার সেই প্রসঙ্গ টেনে পাল্টা বীরভূমে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'বিজেপির একটা কথায় ২৬ হাজার শিক্ষক শিক্ষিকার চাকরি গেছে। তাদের বলছে কিনা ৮ বছরের মাইনে সুদ সহ ফেরত দাও।

মমতার কথায়, 'ভোট চলাকালীন বিজেপির এক গদ্দার বলল বোমা পাঠাব, 'আরে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এত রাগ তো বোমা ফাটিয়ে মেরে দে, অভিষেককেও তো খুন করতে গেছিলি, ধরে ফেলেছিলাম আমরা'। এখানেই না থেমে মমতা বলেন, 'তার বাড়ি পর্যন্ত

এরপর ৩ পাতায়

### দ্বিতীয় দফার ভোট

## প্রচারের উত্তরবঙ্গে দেব




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সুশোভন সিংহ; রায়গঞ্জ-বালুরঘাট: নিউজ সারাদিন : দ্বিতীয় দফায় উত্তরবঙ্গের ৩ আসনে ২৬শে এপ্রিল অনুষ্ঠিত হবে লোকসভা নির্বাচন। ভোট প্রচারের শেষ লগ্নে উত্তরবঙ্গে এলেন চিত্রনায়ক তথা তৃণমূল নেতা দেব। রায়গঞ্জ এবং বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থীর সমর্থনে মঙ্গলবার রায়গঞ্জ এবং কুশমন্ডিতে রোড শো করেন। এদিন সকালে শিলিগুড়িতে পা দিয়েই "জয় শ্রীরাম" স্লোগানের সম্মুখীন হতে হয় অভিনেতাকে। যদিও অভিনেতা স্লোগান কারীদের সাথে সৌজন্য বিনিময় করেন। এ বিষয়ে অভিনেতা দেব জানান," উনি বিজেপির কর্মী পরে,আগে উনি ভারতীয়। হিন্দু-মুসলমান, তৃণমূল-বিজেপি, গরিব-বড়লোক এগুল বড় বড় রাজনৈতিক নেতারা বিভেদ সৃষ্টি করেছে।"

এদিন রায়গঞ্জ লোকসভা

এরপর ৩ পাতায়







## নিজেদের যোগ্যতায় পাওয়া চাকরি ফেরাতে

# যতদূর যেতে হয় যাবেন বলেও জানিয়েছেন চাকরিহারারা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের নির্দেশে সোমবার চাকরিহারা হয়েছেন রাজ্যের ২৫ হাজার ৭৫৩ জন। সেই তালিকায় রয়েছেন শিক্ষক থেকে শিক্ষাকর্মী, সকলেই। নিজেদের যোগ্যতায় পাওয়া চাকরি ফেরাতে যতদূর যেতে হয় যাবেন বলেও জানিয়েছেন চাকরিহারারা। তাঁদের বক্তব্য, "যেভাবে অযোগ্যদের সঙ্গে আমাদের মিশিয়ে দেওয়া হল, তাতে তো আমাদের এবং পরিবারকে সামাজিক সম্মানহানির মুখে পড়তে হচ্ছে। যদি পুরো প্যানেলই বাতিল করা হবে, তাহলে বছরের পর বছর ধরে সিবিআই কী করল?"

চাকরিহারাদের একাংশের বক্তব্যে উঠে এসেছে অবসরপ্রাপ্ত বিচারপতি তথা তমলুক লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের প্রসঙ্গও। তাঁদের কথায়, "যিনি চেয়ার বসে রায় দিতেন তিনি এখন বিজেপির মঞ্চে! সবই বুঝতে পারছি, কিন্তু আমরা গভীর ষড়যর্ন্ত্রের শিকার হয়ে গেলাম। তবে আমরাও এর শেষ দেখে ছাড়ব।"চাকরিহারানোর পর মঙ্গলবার নিজেদের ভবিষ্যৎ ঠিক করতে ধর্মতলার শহিদ মিনারে জমায়েত করেছিলেন তাঁরা।কেন? চাকরিহারাদের বক্তব্য, "কয়েক হাজার অযোগ্যর জন্য হাইকোর্ট এভাবে আমাদের হাজার হাজার শিক্ষিত ছেলেমেয়ের চাকরি কেড়ে পরিবার-সহ আমাদের পথে বসিয়ে দিতে পারে না। আমরা গভীর ষড়যন্ত্রের শিকার। এর বিচার পেতে সুপ্রিম কোর্টে যাব। তাই সকলে নিজেদের ওএমআর শিট নিয়ে এখানে এসেছি। আলোচনা করেই পরবর্তী পদক্ষেপ ঠিক করব।"

চাকরি হারাদের একজনের কথায়, "আদালত মানবিক কারণে সোমা দাসে নামে এক ক্যান্সার আক্রান্তের চাকরি বহাল রেখেছে। কিন্তু আমাদের বাড়িতেও তো বৃদ্ধ বাবা, মা আছেন। তাঁদের অনেকে গুরুতর অসুস্থ। সন্তান আছে। তাঁদের কী হবে? আমরা তো টাকা দিয়ে পিছনে দরজা দিয়ে চাকরি পাইনি। আমরা নিজেদের যোগ্যতায় চাকরি পেয়েছিলাম। এভাবে আমাদের জীবন শেষ করে দেওয়ার অধিকার কারও নেই।" চাকরিহারারা জানান, ২০১৯ সালে ২৬ ফেব্রুয়ারি তাঁরা শিক্ষকতাই যোগদান করেন। এই সংখ্যাটা প্রায় ১৯ হাজার।

## 'সুকান্ত দা আমার অত্যন্ত প্রিয় মানুষ"- দেব



**বালুরঘাট: নিউজ সারাদিন** : জেলায় দলীয় প্রার্থীর প্রচারে এসে রাজনৈতিক সৌজন্যতাবোধে ১০০ তে ১০০ পেলেন অভিনেতা দেব। মঙ্গলবার বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থী তথা রাজ্যের মন্ত্রী বিপ্লব মিত্রের সমর্থনে কুশমন্ডিতে জনসভা করেন চিত্রনায়ক তথা ঘাটাল লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী দীপক অধিকারী(দেব)। জনসভা থেকে এই কেন্দ্রের বিজেপি প্রার্থী তথা বঙ্গ বিজেপি সভাপতি ড.সুকান্ত মজুমদারের বিষয়ে বলতে গিয়ে রাজনৈতিক সৌজন্যের দৃষ্টান্ত সৃষ্টি করলেন অভিনেতা। দেব বলেন, "আমার অনেক ভালো বন্ধু বিজেপিতে আছে, তার মধ্যে একজন হল সুকান্ত দা,সুকান্তদা আমার অত্যন্ত প্রিয় মানুষ। সুকান্ত মজুমদারকে অনেক শুভেচ্ছা"। বর্তমানে রাজ্য রাজনীতিতে যেখানে রাজনৈতিক নেতা-নেত্রীরা ভোটকে কেন্দ্র করে একে অপরের প্রতি আক্রমণ প্রতি আক্রমণ করেন সেখানে অভিনেতা দেবের মন্তব্য আরো একবার প্রমাণ করে দেশের রাজনীতিতে এখনো সৌজন্যতা নামক শব্দ রয়েছে। দেবের এই মন্তব্যের বিষয়ে তৃণমূল প্রার্থী তথা মন্ত্রী বিপ্লব মিত্র সাংবাদিকদের জানান," এটাই তৃণমূলের শিক্ষা, আমাদের প্রতিদ্বন্দ্বীরা যতই অভদ্র আচরণ করুক না কেন আমরা সবসময় ভদ্রতা এবং সৌজন্যতা বজায় রাখি।

দ্বিতীয় দফায় আগামী ২৬ এপ্রিল জেলার লোকসভা নির্বাচন। এবার বালুরঘাট লোকসভা আসনে মূলত রাজ্যের মন্ত্রী জেলার বর্ষিয়ান নেতা বিপ্লব মিত্র বনাম এই কেন্দ্রের বিদায়ী সাংসদ তথা প্রদেশ বিজেপি সভাপতি ড.সুকান্ত মজুমদারে লড়াই। ইতিমধ্যে নিজেদের দলীয় প্রার্থী সমর্থনে জেলায় জনসভা থেকে শুরু করে রোড শো করে গেছেন রাজনৈতিক সেলিব্রেটিরা। আজ সেই পালকে আর এক নাম যুক্ত হলো অভিনেতা দেব। কুশমন্ডির জনসভা থেকে বিগত প্রায় ১৩ বছরে জেলার জন্য রাজ্য সরকার কি কি কাজ করেছে তা তুলে ধরেন এবং এর পাশাপাশি রাজ্য সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পকে সামনে রেখে দলীয় প্রার্থী বিপ্লব মিত্রকে ভোট দেওয়ার আহ্বান জানান উপস্থিত দর্শকদের কাছে।

## চুরি করার পর তাকে যখন ধরতে যাবে তখন বলবে ষড়যন্ত্র:লকেট



**হুগলি: নিউজ সারাদিন** : যারা টাকা নিয়েছে, তাদের কলার ধরে টেনে বের করার দাওয়াই দিয়েছেন দিলীপ ঘোষ। আর লকেট চট্টোপাধ্যায় বললেন, "যাদের চাকরি গেছে তাঁরা পৌঁছে যেতে পারেন, তাই আগে থেকেই 'খুন হয়ে যেতে পারি' চাউর করে নিরাপত্তারক্ষী বাড়ানো হচ্ছে কালীঘাটে।"অভিষেককে নিশানা করার অভিযোগে মুম্বই থেকে জঙ্গি সন্দেহে একজনকে গ্রেফতার করেছে কলকাতা পুলিশ। সেই প্রসঙ্গেই লকেট বলেন, "খুন হয়ে যেতে পারি। কেন বলছে? তাদের বাড়ি যদি হামলা হয়। বুঝতে পারছেন তো? এত লোকের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলেছেন। ২৫ হাজার লোকের চাকরি গেছে। তারা তো কালীঘাটের দোরগোড়ায় গিয়ে দাঁড়াবে, আওয়াজ তুলবে। কীভাবে সামলাবে! ওই জন্য নিরাপত্তারক্ষী বাড়ানো হচ্ছে। আগে থেকেই বলছে খুন হতে পারি।চুরি করার পর তাকে যখন ধরতে যাবে তখন বলবে ষড়যন্ত্র! মানুষ এর জবাব ইভিএমে দেবে।"

দিলীপ ঘোষের তালে তাল মিলিয়েই লকেট দাবি করেন, যারা টাকা নিয়েছিল তাদের থেকে টাকা বার করা হোক।


এরপর ৩ পাতায়

## শাহজাহান সন্দেশখালিতে প্রায়

# হাজার বিঘা জমি নিজের 'আয়ত্তে' নিয়ে এসেছিলে



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন** : শাহজাহান শেখের বিরুদ্ধে তদন্তে নেমে এ বার নতুন তথ্য পেল ইডি। কেন্দ্রীয় গোয়েন্দারা জানতে পেরেছেন, সন্দেশখালি এবং তৎসংলগ্ন এলাকাগুলির 'বেতাজ বাদশা' শাহজাহান ওই এলাকার প্রায় হাজার বিঘা জমি নিজের 'আয়ত্তে' নিয়ে এসেছিলেন। শাহজাহানের বিরুদ্ধে এখন রেশন দুর্নীতির পাশাপাশি জমি দখল সংক্রান্ত মামলারও তদন্ত করছে ইডি। সে বিষয়ে ইতিমধ্যেই শাহজাহানকে জেরা করা হয়েছে। জেরা করা হয়েছে শাহজাহানের 'ঘনিষ্ঠ' বলে পরিচিত শিবপ্রসাদ ওরফে শিবু, কর্মচারী দিদার বক্স মোল্লা এবং ভাই আলমগিরকে। ইডি সূত্র খবর তাঁদের জিজ্ঞাসাবাদ করেও জমি লিজ় নেওয়ার বিষয়ে ইঙ্গিত পেয়েছেন কেন্দ্রীয় গোয়েন্দারা।বসিরহাটের একটি ছোট্ট দ্বীপ সন্দেশখালি। হাজার বিঘার অনেক কম জমি সেখানে।তার বাইরে সরবেড়িয়া, ধামাখালি-সহ অন্য এলাকাগুলিতেও প্রতিপত্তি ছিল শাহজাহানের। ইডি সূত্রে খবর, তাদের কাছে আসা তথ্য অনুযায়ী এই এলাকাগুলিতেই সব মিলিয়ে হাজার বিঘা জমি লিজ নিয়েছিলেন শাহজাহান। তবে স্বনামে নয়। ইডি সূত্রে জানা গিয়েছে, এই সমস্ত জমি কেনা হয়েছিল শাহজাহান ঘনিষ্ঠ শিবপ্রসাদ হাজরা এবং তাঁর ছেলেকে সামনে রেখে। এ ছাড়াও আরও অনেকের নামের আড়াল নিয়ে শাহজাহান ওই জমি লিজ নিয়েছিলেন বলেও জানা গিয়েছে ইডি সূত্রে। তবে গোটাটাই এখন রয়েছে তদন্তের পর্যায়ে।ইডি সূত্র জানা গিয়েছে, এই সমস্ত তথ্য খতিয়ে দেখতে সন্দেশখালি এলাকায় সরেজমিনে তদন্ত চালানো হচ্ছে। বিশেষ করে জমি সংক্রান্ত দফতরগুলির থেকেও খবরাখবর নেওয়ার পালা চলছে। যেহেতু ইডির কাছে আসা তথ্য অনুযায়ী শাহজাহান ওই হাজার বিঘা জমি লিজ নিয়েছেন বলে জানা গিয়েছে, তাই গোয়েন্দারা খতিয়ে দেখছেন, লিজ সংক্রান্ত কাগজপত্র রয়েছে কি না। কার থেকে সেই লিজ নেওয়া হয়েছে। বিনিময়ে কত অর্থের আদান প্রদান হয়েছে, এই সব কিছু খতিয়ে দেখা হচ্ছে।








হুটখোলা গাড়িতে গঙ্গারামপুর এবং বুনিয়াদপুরে প্রচার করলেন সুকান্ত। ছবি:- সুশোভন সিংহ।

## শ্রীধাম মায়াপুরে অষ্টম বর্ষ জনজাতির সন্মেলন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ইসকনের প্রধান কেন্দ্র শ্রীধাম মায়াপুরে অষ্টম বর্ষ Trival Convention (জনজাতির সন্মেলন) গতকাল থেকে শুরু চলবে তিন দিন ব্যাপী ২৩,২৪ ও ২৫ শে এপ্রিল ২০২৪ । ভারতবর্ষের ১০ টি রাজ্য থেকে প্রায় ৩,০০০ জনজাতি (আদিবাসী, পিছিয়ে পড়া মানুষ) এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তাদের থাকা, খাওয়া ও নিরাপত্তার দিকে বিশেষ নজর দেওয়া হবে। তাদের নিজস্ব সংস্কৃতি, শিক্ষা, চিরাচরিত ভাবধারার বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে এই ৩ দিন ব্যাপী। তাদের সহজ সরল জীবন যাপন বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে মঞ্চে ফুটিয়ে তোলা হবে। শ্রীচৈতন্য মহাপ্রভু সর্বজীবের প্রতি যে করুনা প্রদর্শন করেছেন তার আদর্শে অনুপ্রাণিত হয়ে তারাও যেন বর্তমান সমাজের মূল স্রোতের সঙ্গে একাত্ম ভাবে চলতে পারে, তারা কেউই পর নন, সকলেই তারা সমাজের একান্ত আপনজন সেটি যাতে তারা অনুভব করতে পারে, তা ফুটিয়ে তোলা এই সন্মেলনের আসল উদ্দেশ্য। বিভিন্ন রাজ্যে জনজাতির উন্নতি কল্পে যে সমস্ত অভিজ্ঞ ব্যক্তিবর্গ স্বয়ং ফিল্ডে কাজ করছেন তারা তাদের অভিজ্ঞতালব্ধ মনোজ্ঞ ভাষন দেবেন, বিভিন্ন বিষয়ের উপর সেমিনার হবে।

ভারতবর্ষের ১০টি রাজ্যে (গুজরাট,মহারাষ্ট্র,ঝাড়খন্ড,মনিপুর,অন্ধ্রপ্রদেশ,ওড়িশা,ত্রিপুরা,নাগাল্যান্ড পশ্চিমবঙ্গ ও মিজোরাম) পিছিয়ে পড়া জনজাতি আদিবাসীদের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা, স্বাস্থ্য ও কৃষ্ণভাবনায় গড়ে তুলতে ইসকন সারাবছর ব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করে থাকে।এই সকল রাজ্যগুলির জনজাতি আদিবাসী শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে মোট ১৯০ টি পাঠশালা ও ১৮ টি স্কুল চলছে যেখানে প্রায় ৫,৫০০ জন ছাত্র-ছাত্রীদের ২৮০ জন শিক্ষক-শিক্ষিকা শিক্ষাদান করে থাকে।পশ্চিমবঙ্গের জনজাতি অধ্যুষিত পিছিয়ে পড়া জেলাগুলি যেমন- পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি প্রভৃতি জেলায় আদিবাসী শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে নিমাই পাঠশালা নির্মাণ করা হয়েছে, মোট ১২৩ টি পাঠশালায় ১৫২ জন

এরপর ৩ পাতায়

জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন

## উপলক্ষে ২৪ এপ্রিল, ২০২৪ তারিখে তৃণমূল স্তরে প্রশাসন নিয়ে জাতীয় আলোচনা সভার আয়োজন পঞ্চায়েতীরাজ মন্ত্রকের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন উপলক্ষে ২৪ এপ্রিল, ২০২৪ তারিখে নতুন দিল্লির বিজ্ঞান ভবনে "৭৩ তম সংবিধান সংশোধনের তিন দশক পর তৃণমূল স্তরে প্রশাসন" শীর্ষক এক জাতীয় আলোচনা সভার আয়োজন করেছে পঞ্চায়েতীরাজ মন্ত্রক। এই আলোচনা সভার উদ্বোধন করবেন পঞ্চায়েতীরাজ মন্ত্রকের সচিব শ্রী বিবেক ভরদ্বাজ এবং গ্রামোন্নয়ন দফতরের সচিব শ্রী শৈলেশ কুমার সিং। উপস্থিত থাকবেন পঞ্চায়েতীরাজ মন্ত্রকের অতিরিক্ত সচিব ডঃ চন্দ্রশেখর কুমার এবং অন্যান্য পদস্থ আধিকারিকরা।

তৃণমূল স্তরে প্রশাসন নিয়ে এই আলোচনাসভার লক্ষ্য হল, সংশ্লিষ্ট সব পক্ষের মধ্যে মত বিনিময় এবং সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধি করা। এর মধ্যে রয়েছে কেন্দ্রীয় সরকার ও বিভিন্ন রাজ্য সরকার, এনআইআরডি অ্যান্ড পিআর, এসআইআরডি অ্যান্ড পিআর-এর ফ্যাকাল্টি সদস্যবৃন্দ, শিক্ষাবিদ, বিশেষজ্ঞ, রাষ্ট্রসংঘের বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা এবং নাগরিক সমাজের সঙ্গে যুক্ত বিভিন্ন সংগঠন। আলোচনার মূল বিষয়বস্তু হল, জন পরিষেবা প্রদানে পরিবর্তনের ক্ষেত্রে ডিজিটাল প্রযুক্তির ভূমিকা সহ এর সঙ্গে যুক্ত বিভিন্ন সরকারি উদ্যোগসমূহ।

একদিনের এই আলোচনাসভায় পঞ্চায়েত ব্যবস্থার বিভিন্ন সাফল্য পর্যালোচনা করা হবে। চিহ্নিত করা হবে আগামীদিনের চ্যালেঞ্জসমূহ। সেইসঙ্গে তৃণমূল স্তরে প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে নতুন নতুন সুযোগ সুবিধা খতিয়ে দেখা হবে। গ্রামাঞ্চলে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নীতির পরিবর্তন এবং পঞ্চায়েতীরাজ সংস্থাগুলির শক্তি বৃদ্ধির ওপর এই আলোচনা সভায় জোর দেওয়া হবে। পঞ্চায়েতীরাজ মন্ত্রক এখন ডিজিটাল ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করে চলেছে এবং স্মার্ট পঞ্চায়েত ব্যবস্থা গড়ে তোলার ওপর জোর দিচ্ছে। ডিজিটাল প্রযুক্তি রূপায়ণে প্রয়োজনীয় প্রশিক্ষণও দেওয়া হচ্ছে। প্রতি বছর ২৪ এপ্রিল বিশেষ উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন করে থাকে পঞ্চায়েতীরাজ মন্ত্রক। ১৯৯২ সালে ৭৩ তম সংবিধান সংশোধনী হয়েছিল এবং ২৪ এপ্রিল, ১৯৯৩-এ তা কার্যকর করা হয়।

১-ম পাতার পর

# সন্দেশখালি ইস্যু টেনে এনে শাহের দাবি, এরাজ্যের মা-বোনরা বিজেপির হাতে সুরক্ষিত থাকবেন

তাদের এখন চারতলা বাড়ি 'এরপর তিনি সভা করেন উত্তর দিনাজপুরে। রায়গঞ্জ লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী কার্তিকচন্দ্র পালের সমর্থনে করণদিঘির সভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লাগাতার আক্রমণ শানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। ঠিক একদিন আগেই করণদিঘিতে সভা করেন মমতা বন্দ্যোপাধ্যায়।

সামনেই লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফা। ভোটের প্রচারে এসে ফের একবার টার্গেটের কথা শোনা গেল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর গলায়। বঙ্গে এবার বিজেপির লক্ষ্যমাত্রা ৪২টি সিটের মধ্যে তিরিশটির বেশি আসন জয়। কখনও শাহ বললেন ৩০ টির বেশি আসনে জয় এনে দিন বিজেপিকে। কখনও বললেন, জয় চাই ৩০ থেকে ৩৫ আসনে। এর আগে বঙ্গে এসে বিয়াল্লিশে ৪২টি আসনেই জয়ের টার্গেটের দিয়েছিলেন নরেন্দ্র মোদি। এবার অমিত শাহের মুখে শোনা গেল, কখনও ৩০ , কখনও ৩৫টি আসনের কথা। কাটমানি থেকে নিয়োগ দুর্নীতি, অনুপ্রবেশ সমস্যা থেকে সিএএ, নানা বিষয়ে একেবারে অল-আউট অ্যাটাক করলেন বাংলার তৃণমূল সরকারকে। কেন রাজ্যের মানুষ কেন্দ্রীয় প্রকল্পের সুবিধে ভোগ করতে পারছে না, তুললেন প্রশ্ন। মমতাকে বিঁধলেন একের পর এক ইস্যু নিয়ে। স্বরাষ্ট্রমন্ত্রী বললেন, 'মোদিজি সারা দেশেরগরিব মানুষের জন্য কাজ করেছেন। ১২ কোটির বেশি শৌচালয় বানানো হয়েছে। ৪ কোটির বেশি মানুষ নিজের বাড়ি পেয়েছেন। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় কেন্দ্রীয় প্রকল্প এখানে আসতে দেন না'। অমিত শাহ বলেন, 'এই যে কাটমানির দুর্নীতি চলছে বিজেপি এলে বন্ধ হয়ে যাবে।'

১-ম পাতার পর

# দ্বিতীয় দফার ভোট প্রচারের উত্তরবঙ্গে দেব

কেন্দ্রের তৃণমূল সমর্থিত প্রার্থী কৃষ্ণ কল্যানী হয়ে কসবা থেকে কর্ণজোরা বাস স্ট্যান্ড অবধি রোড শো করেন দেব। সুসজ্জিত গাড়ি করে রায়গঞ্জ শহরের পথে তৃণমূল প্রার্থী কৃষ্ণ কল্যানীকে সাথে রোড শো শামিল হন তিনি। অভিনেতাকে একটু কাছ থেকে দেখার জন্য জনসমুদ্রে পরিণত হয় রাস্তা। অগণিত ভক্ত দুহাত তলে অভিনেতাকে রায়গঞ্জে মাটিতে স্বাগত জানাই। পথ চলতেই ভক্তদের পক্ষ থেকে অনুরোধ আসে সেলফি তোলার, এক্ষেত্রে অভিনেতা নিরাশ করেনি কাউকেই। রাস্তার দুপাশের বাড়ির ছাদগুলো কানায় কানায় ভর্তি হয় একবার অভিনেতাকে দেখার জন্য। রোড শো থেকে কৃষ্ণ কল্যানী হয়ে ভোট প্রার্থনা করেন অভিনেতা দেব। এদিন বিকেল ৪টা নাগাদ বালুরঘাট লোকসভা কেন্দ্রের কুশমন্ডি বিধানসভা এলাকায় তৃণমূল প্রার্থী বিপ্লব মিত্রের সমর্থনে জনসভায় পৌঁছান অভিনেতা দেব। তৃণমূল প্রার্থী বিপ্লব মিত্র অভিনেতাকে স্বাগত জানান। মঞ্চে বিপ্লব মিত্রের পাশাপাশি উপস্থিত ছিলেন ইটাহার বিধানসভার বিধায়ক,কুশমন্ডি বিধানসভার বিধায়িকা,জেলা তৃণমূল সভাপতি সহ তৃণমূল নেতৃত্বরা। এদিন অভিনেতাকে দেখার জন্য জনসভা কার্যত জনপ্লাবনে পরিণত হয়। জনসভায় বক্তৃতা দিতে গিয়ে দেব বলেন," আমার অনেক বন্ধু বান্ধব বিজেপিতে আছে,তার মধ্যে একজন সুকান্ত দা। সুকান্তদাকে অনেক শুভেচ্ছা "। এর পাশাপাশি এদিন সভা মঞ্চ থেকে রাজ্য সরকারের বিভিন্ন জন কল্যাণমূলক পরিষেবা এবং কর্মসূচি গুলোকে সামনে রেখে তৃণমূল প্রার্থী বিপ্লব মিত্র কে ভোট দেওয়ার আহ্বান জানান সাধারণ জনগণের কাছে।

১-ম পাতার পর

# আমার বিরুদ্ধে এত রাগ তো বোমা ফাটিয়ে মেরে দে, অভিষেককেও তো খুন করতে গেছিলি:মমতা

রেকি করেছে, ফেসটাইমে ফোন করেছিল, আপকা সাথ বাত করনা চাতি হু। দেখা করলেই গুলি করে দিত'। প্রসঙ্গত, সোমবার সন্দেহভাজন এক ব্যক্তিকে গ্রেফতার করেছে কলকাতা পুলিশ। লালবাজারের তদন্তকারী অফিসারদের দাবি, ওই ব্যক্তি অভিষেকের বাসভবন রেইকি করেছিল। অভিষেকের উপর হামলার ছক ছিল তার।

১-ম পাতার পর

# শ্রীধাম মায়াপুরে অষ্টম বর্ষ জনজাতির সন্মেলন

শিক্ষক শিক্ষিকা প্রায় ৩০০০ জন ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করেন,এবং তাদের এই পাঠশালায় থাকা ও খাওয়ার সুব্যবস্থা রয়েছে।ইসকনের উদ্যোগে এই আদিবাসী এলাকায় সারাবছর ব্যাপি চলে মেডিক্যাল ক্যাম্প, স্বাস্থ্য সচেতনতা ক্যাম্প, সামাজিক সুরক্ষা ও পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা। এছাড়া প্রতিবছর শীতের সময় জনজাতি আদিবাসী এলাকার মানুষদের ইসকনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়ে থাকে। পিছিয়ে পড়া এই মানুষদের স্বাস্থ্যের দিকে নজর দিতে স্বাস্থ্য -পরিকাঠামো গড়ে তোলা হয়েছে, এবং মেডিকেল -কীড বিতরণ করা হচ্ছে।এছাড়াও দ্রুত চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা রাখা হয়েছে। সমগ্র ভারতবর্ষ ব্যাপী এই পিছিয়ে পড়া জনজাতি আদিবাসীদের স্বাস্থ্য-সম্মত শিক্ষা, তাদের সাংস্কৃতিক মূল্যবোধের যথোপযুক্ত সংরক্ষণ এবং তাদের মধ্যে শ্রীচৈতন্য মহাপ্রভুর ভক্তিভাব ও সাম্যবাদ গড়ে তোলার আদর্শ ও লক্ষ্য নিয়ে ইসকন এগিয়ে চলেছে, আপনারাও এই মহান উদ্যোগে সামিল হোন।

# ২০২২ সালে মোট ৬৫ হাজার ৯৬০ জন ভারতীয় আমেরিকার নাগরিকত্ব লাভ করেছেন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আমেরিকায় থাকার অভিলাষায় গোটা বিশ্বে ভারত দ্বিতীয় স্থান লাভ করেছে। ভারতের আগে শুধু মেক্সিকো। মূলত ওই দেশ থেকেই সবচেয়ে বেশি সংখ্যক নাগরিক সীমান্ত পেরিয়ে আমেরিকা এসে সে দেশের নাগরিকত্ব পাওয়ার আবেদন জানিয়ে থাকেন। ২০২২ সালের হিসেব বলছে, যে সব দেশের নাগরিক আমেরিকার নাগরিকত্ব পেয়েছেন, তার মধ্যে ভারত রয়েছে দ্বিতীয় স্থানে।গত ১৫ এপ্রিল ওই রিপোর্ট প্রকাশিত হয়েছে। ভারত ছাড়া মেক্সিকোর ১ লক্ষ ২৮ হাজার ৮৭৮ জন, ফিলিপিন্সের ৫৩ হাজার ৪১৩ জন, কিউবার ৪৬ হাজার ৯১৩ জন, ডমিনিকান রিপাবলিকের ৩৪ হাজার ৫২৫ জন, ভিয়েতনামের ৩৩ হাজার ২৪৬ জন এবং চিনের ২৭ হাজার ৩৮ জন বাসিন্দা আমেরিকার নাগরিকত্ব পেয়েছেন। সিআরএসের আর একটি রিপোর্ট অবশ্য বলছে, ২০২২ সালে নাগরিকত্ব লাভের নিরিখে ভারতীয়দের স্থান দ্বিতীয় হলেও এখনও বহু সংখ্যক ভারতীয় বাসিন্দা আমেরিকার নাগরিকত্ব পাওয়া অপেক্ষায় রয়েছেন। সেই সংখ্যাটা গত বছরই ২ লক্ষ ৯০ হাজার ছাড়িয়ে গিয়েছে। অর্থাৎ এই সংখ্যক ভারতীয় হয় আমেরিকায় গ্রিন কার্ডের অধিকারী অথবা তাঁদের কাছে লিগাল পারমানেন্ট রেসিডেন্সি (এলপিআর)-র অধিকার রয়েছে। এত সংখ্যক ভারতীয় কবে পাকাপাকি ভাবে আমেরিকার নাগরিকত্ব পাবেন, তা নিয়ে প্রবাসী ভারতীয়দের মধ্যে উদ্বেগ রয়েছে যথেষ্টই। আমেরিকান

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# চুরি করার পর তাকে যখন ধরতে যাবে তখন বলবে ষড়যন্ত্র:লকেট

সেই টাকাই চাকরিপ্রার্থীদের ফেরত দেওয়া হোক।হুগলির বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায় মঙ্গলবার ভোট প্রচারে বেড়িয়েছিলেন চুঁচুড়া রবীন্দ্রনগর স্টেশন বাজার সংলগ্ন এলাকায়। এখানেই এসএসসির ২৫ হাজার চাকরি বাতিল প্রসঙ্গে বলেন, "যাদের চাকরি গেল আর যারা চাকরি পায়নি সবার ভবিষ্যৎ শেষ হয়ে গেল তৃণমূলের নেতা মন্ত্রীদের কারণে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে বাংলার ভবিষ্যৎ। এই টাকা কোথায় গেছে দেখা দরকার? পার্থ চ্যাটার্জি থেকে শুরু করে বিভিন্ন লোক,তাঁরা বলির পাঠা হচ্ছে। এই টাকা উপর পর্যন্ত গেছে। তদন্ত হলে আসল মাথারা বেরিয়ে আসবে। আমরা চাই স্বচ্ছভাবে নিয়োগ হোক। আমাদের সরকার এলে কোনও টাকাপয়সা লাগবে না।যোগ্যতার ভিত্তিতে চাকরি পাবে। শূন্যপদ তৈরি করে চাকরি দেবে বলেছিল। কিছুই করতে পারেনি।টাকা নিয়ে নিয়েছে তো।"

২ পাতার পর

# মমতার দাবি, একতরফা রায়' দিয়ে চাকরি বাতিল করা হল

প্রশ্ন করেছেন যে, আজ যদি কেউ আত্মহত্যা করে, তার দায়িত্ব কি তাঁরা নেবেন? তবে তিনি চাকরিহারাদের পাশে রয়েছেন বলে আশ্বাস দিয়েছেন। তাঁদের হয়ে মামলা করে উচ্চ আদালতে যাবেন বলেও জানিয়েছেন মমতা।জানালেন, আগে জানানো হলে তাঁরাই ভুল সংশোধন করে নিতেন। এ কথাও স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন, সেই 'ভুল' তিনি করেননি। কারণ, সব দফতরই আলাদা।কলকাতা হাই কোর্ট এসএসসি দুর্নীতি মামলার যে রায় দিয়েছে সোমবার, তাতে ২৫,৭৫৩ জন শিক্ষক ও অশিক্ষক কর্মীর চাকরি বাতিল হয়েছে। রায় ঘোষণার পরেই রায়গঞ্জের জনসভা থেকে প্রতিবাদ জানিয়েছিলেন মমতা। মঙ্গলবারও ভাতারের জনসভা থেকে প্রতিবাদ জানান মমতা। সেই সঙ্গে জানান, 'ভুল' হয়েছে। কেন্দ্রের বিজেপি সরকার সেই ভুল সংশোধন করতে বললে তা করেও নিতেন। কিন্তু সে কারণে এত জনের চাকরি কেন বাতিল করা হল, সেই প্রশ্নই তুললেন তৃণমূলনেত্রী। মমতার কথায়, ''যদি বলতেন, এখানে অসুবিধা রয়েছে, এটা তোমার ভুল হয়েছে, তোমরা সংশোধন করো, আমরা করে দিতাম।" কিন্তু মমতার দাবি, তা না করে 'একতরফা রায়' দিয়ে চাকরি বাতিল করা হল। ভুল হলেও সেই ভুল তিনি করেননি, সে কথাও স্পষ্ট করেছেন মমতা। তিনি বলেন, "ভুল তো যে কোনও কেউ করে দিতে পারে। সবটা কি আমি করি? আমি করি না। শিক্ষা দফতর আলাদা। এসএসসি আলাদা। প্রাথমিক বোর্ড, মাধ্যমিক বোর্ড, কলেজ কমিশন আলাদা রয়েছে। এগুলি (নিয়োগ) তারা দেখে।"তার পরেই মোদী সরকারকে আক্রমণের ধার বাড়িয়েছেন মমতা। তিনি জানিয়েছেন, 'মোদীবাবু' ভোট চাইলেও একটা লোককেও চাকরি দেননি। ভারতে বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। উল্টে তাঁরা যাঁদের চাকরি দিয়েছেন, আদালতের মাধ্যমে তাঁদের চাকরি বাতিল করা হয়েছে। হাই কোর্ট যে কেন্দ্রের অধীনে, সে কথাও মনে করিয়ে দিয়েছেন মমতা। তাঁর কথায়, "আমরা বাংলায় যখন চাকরি দিই, আপনারা কোর্টকে দিয়ে চাকরি খেয়ে নেন। ওরা (হাই কোর্ট) আমাদের অধীনে নয়। আপনাদের অধীনে।'' বীরভূমের হাসনের জনসভাতেও এই চাকরি বাতিলের জন্য সরাসরি বিজেপিকে দায়ী করেছেন তিনি। মমতা বলেন, "বিজেপির একটা কথায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষিকার চাকরি গিয়েছে। তাঁদের বলছে কি না ৮ বছরের মাইনে সুদ-সহ ফেরত দাও!'' এত শিক্ষকের চাকরি বাতিল হলে স্কুলে কারা পড়াবেন, সেই প্রশ্নও তুলেছেন মমতা। তিনি বলেন, "স্কুলে শিক্ষক কোথায় আসবে? স্কুলে বাচ্চারা গিয়ে বসে থাকবে। সেখানে বিজেপির লোকেরা পড়াবে, না আরএসএস পড়াবে?"রাজ্যের বিরোধী নেতা শুভেন্দু অধিকারীকেও তীব্র কটাক্ষ করেছেন তিনি। সোমবারের পর মঙ্গলবারও তিনি প্রশ্ন তুলেছেন, কী ভাবে আদালত সোমবার যা রায় দেবে, তা গত শনিবার জেনে গিয়েছিলেন শুভেন্দু? গত সপ্তাহে তিনি কী ভাবে বলেছিলেন যে, 'বোমা' ফাটবে। প্রসঙ্গত, গত শনিবার শুভেন্দু দাবি করেছিলেন, চলতি সপ্তাহে 'বোমা' ফাটানো হবে। কোনও তারিখ না জানালেও বিজেপি বিধায়ক দাবি করেন, ওই 'বোমা'য় 'বেসামাল' হয়ে যাবে তৃণমূল। এ নিয়ে শুভেন্দুকে খোঁচা দিয়ে মমতা বলেন, ''মানুষের চাকরি খেয়ে বোমা? এক দিন বুঝবি, আজ খুব গায়ের জোর না?'' তৃণমূলনেত্রী এ দাবিও করেছেন যে, নিজের সম্পত্তি রক্ষা করতে, ইডি-সিবিআইয়ের হাত থেকে বাঁচতে বিজেপিতে গিয়েছেন শুভেন্দু। পুরুলিয়ায় চাকরি দুর্নীতি নিয়েও নাম না করে শুভেন্দুকে আক্রমণ করেছেন মমতা। তাঁর কথায়, "পুরুলিয়ায় চাকরি কে বিক্রি করেছিল? যদি নাম বলি? নাম বলব না। আমার ইশারা যথেষ্ট।"

# রাষ্ট্রপতি ২০২৪ সালের পদ্ম পুরস্কার প্রদান করেছেন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ২০২৪ সালের পদ্ম পুরস্কার প্রদান করেছেন। আজ রাষ্ট্রপতি ভবনের দরবার হলে নাগরিক সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ৩ জনকে পদ্ম বিভূষণ, ৮ জনকে পদ্ম ভূষণ এবং ৫৫ জনকে পদ্মশ্রী পুরস্কার প্রদান করেছেন। অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ শ্রী ওম বিড়লা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ এবং অনেক কেন্দ্রীয় মন্ত্রী সহ অন্য অভ্যাগতরা উপস্থিত ছিলেন। সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠানের পর কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ নতুন দিল্লিতে তাঁর বাসভবনে আয়োজিত নৈশাহারে পদ্ম পুরস্কার প্রাপকদের সঙ্গে আলাপচারিতায় মিলিত হন। অন্য কেন্দ্রীয় মন্ত্রীরাও তাঁদের সঙ্গে কথা বলেন।

ভারতীয় নৌবাহিনীর মহিলা

## আধিকারিকদের নিয়ে ঐতিহাসিক সমুদ্র অভিযানের পরে ফিরেছে আইএনএসভি তারিণী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রায় দুই মাস ধরে ঐতিহাসিক সমুদ্র অভিযানের পরে ২১ এপ্রিল ২০২৪-এ গোয়ায় নিজস্ব ঘাঁটিতে ফিরেছে ইন্ডিয়ান ন্যাভাল সেলিং ভেসেল (আইএনএসভি)তারিণী। ভারতীয় নৌবাহিনীর মহিলা আধিকারিক লেফেটন্যান্ট কমোডর দিলনা কে এবং লেফেটন্যান্ট কমোডর রূপা এ এই অভিযানে যুক্ত হয়েছিলেন। নৌ চালনায় তাঁদের দুটি হাতই ব্যবহার করতে হয়েছে। ব্যতিক্রমী এই অভিযানে ভারত থেকে তাঁরাই প্রথম এই সাফল্য অর্জন করে ঐতিহাসিক মাইল ফলক ছুঁলেন।

২৮ ফেব্রুয়ারি ২৪-এ গোয়া থেকে এই অভিযানের সূচনা করেছিলেন বিখ্যাত ভূ-পর্যটক এবং তাঁদের পরামর্শদাতা কমোডর অবিলাশ টমি (অবসরপ্রাপ্ত)। ভারত মহাসাগরের নানা আকস্মিক ঘটনার মধ্যে দিয়ে ২২ দিনের সমুদ্র যাত্রার পরে আইএনএসভি তারিণী ২১ মার্চ ২৪-এ পৌঁছায় মরিশাসের পোর্ট লুই-তে। এই ঐতিহাসিক মুহূর্তটি নানা অনুষ্ঠানের মাধ্যমে উদযাপিত হয়। এখানে আধিকারিকরা মরিশাস উপকূলরক্ষী বাহিনী এবং ভারতীয় হাই কমিশনের আধিকারিকদের সঙ্গে আলাপচারিতার সুযোগ পান। সহযোগিতা এবং বন্ধুত্বের প্রতীক স্বরূপ এই জলযানে মরিশাস উপকূল রক্ষী বাহিনী আধিকারিকদের নিয়ে একটি প্রশিক্ষণেরও আয়োজন করা হয়। এতে সমুদ্র পথে যুক্ত দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক এবং মৈত্রী আরও জোরদার হল।

পোর্ট লুই-তে ব্যস্ততম কর্মসূচির পরে লেফেটন্যান্ট কমোডর দিলনা কে এবং লেফেটন্যান্ট কমোডর রূপা এ গোয়ায় ফেরার জন্য প্রস্তুত হন। ৩০ মার্চ ২৪-এ প্রত্যাবর্তন শুরু করার পর দুই আধিকারিক প্রবল হাওয়া এবং উত্তাল সমুদ্রের মুখোমুখি হন। কিন্তু তাঁদের

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১১১ সংখ্যা ২৪ এপ্রিল, ২০২৪ বুধবার ১১ বৈশাখ, ১৪৩১

৩ পাতার পর

## ভারতীয় নৌবাহিনীর মহিলা আধিকারিকদের নিয়ে ঐতিহাসিক সমুদ্র অভিযানের পরে ফিরেছে আইএনএসভি তারিণী

অদম্য মনোবল এবং জোরালো সংকল্প আইএনএসভি তারিণীকে নিরাপদে গোয়ায় ফেরত আনলো ২১ এপ্রিল ২৪-এ। তাঁদের এই সাফল্য লিঙ্গ-সাম্যের প্রসারে এবং সমুদ্রে নানা কাজে মহিলাদের সক্ষম করে তুলতে ভারতীয় নৌবাহিনীর দায়বদ্ধতা প্রমাণ করে। অভিযান চলাকালীন বিভিন্ন সমস্যার মোকাবিলা করে আধিকারিকরা প্রমাণ করেছেন তাঁদের ব্যতিক্রমী নৌ চালনা কৌশল এবং দৃঢ়তা। তুলে ধরেছেন রোমাঞ্চকর অভিযানের উপযোগী মনোভাব। এই দুই আধিকারিক এখন তাঁদের পরবর্তী বিশাল সমুদ্র যাত্রার জন্য প্রস্তুত হচ্ছেন। এ বছরের সেপ্টেম্বরে আইএনএসভি তারিণীকে নিয়ে তাঁরা বিশ্ব পরিক্রমায় বেরোবেন।

এই উল্লেখযোগ্য সাফল্য বিশেষ করে ভারতীয় নৌবাহিনীর মহিলা আধিকারিকদের শুধু প্রেরণা দেবে তাই নয়, ভবিষ্যৎ প্রজন্মের জন্য পথ প্রদর্শন করবে, যাতে সমুদ্রে যে কোনো রকম রোমাঞ্চকর অভিযানের মোকাবিলা তাঁরা করতে পারেন। আইএনএসভি তারিণীকে সাদর অভ্যর্থনা জানালেন আইএনএসভি মাণ্ডবীর বোট পুলে আইএনএস মাণ্ডবীর কম্যান্ডিং অফিসার এবং উত্তর গোয়ার নৌ ঘাঁটির কম্যান্ডার। উপস্থিত ছিলেন নৌবাহিনীর আধিকারিক এবং তাঁদের পরিবার-পরিজন যা ভারতীয় নৌবাহিনীর ঐক্যবদ্ধ সাফল্য এবং বন্ধুত্বের প্রতীক।

## সম্পাদকীয়

### বহরমপুর লোকসভা কেন্দ্রের নির্বাচন যেন পিছিয়ে দেওয়া হয়

উনিশের লোকসভা নির্বাচনে এ রাজ্য থেকে কংগ্রেস যে ২টি আসনে জয়লাভ করেছিল, তার মধ্যে অন্যতম হল মুর্শিদাবাদ জেলার বহরমপুর লোকসভা কেন্দ্র। এই কেন্দ্র থেকে ১৯৯৯ সাল থেকে টানা জিতে আসছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী।তখনই বিচারপতি এই অশান্তির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন। তার পরই তিনি তাঁর পর্যবেক্ষণে বহরমপুরের ভোট পিছিয়ে দেওয়ার প্রসঙ্গ টানেন। একই সঙ্গে তিনি এই প্রসঙ্গে জানিয়ে দেন, রামনবমীর দিন ঠিক কী ঘটেছিল, তা রিপোর্ট দিয়ে আদালতকে জানাতে হবে রাজ্যকে। আগামী ২৬ এপ্রিল এই মামলার পরবর্তী শুনানি রয়েছে। তিনি এটাও জানিয়েছেন, প্রয়োজনে কেন্দ্র এবং রাজ্যের তদন্তকারী সংস্থাগুলি চাইলে হলফনামা দাখিল করতে পারবে। একই সঙ্গে রামনবমীর দিন মুর্শিদাবাদের বিভিন্ন জায়গায় সে সব অশান্তির ঘটনা ঘটেছে তার যত ভিডিয়ো ফুটেজ পাওয়া যাবে সেগুলিকে সংরক্ষণ করতে হবে বলে এদিন হাইকোর্ট নির্দেশ দিয়েছে। মুর্শিদাবাদ পুলিশ জেলার সুপারকেও আলাদা করে রেজিনগরের ঘটনার রিপোর্ট আদালতে জমা দিতে বলেছেন হাইকোর্টের প্রধান বিচারপতি।এবারেও তিনি সেখানে কংগ্রেস প্রার্থী হিসাবে ভোটে লড়াই করছেন। রামনবমীর দিন সেই বহরমপুর লোকসভা কেন্দ্রের রেজিনগর বিধানসভা কেন্দ্রের শান্তিপুর এলাকায় গোষ্ঠী সংঘর্ষের ঘটনায় এদিন অর্থাৎ মঙ্গলবার কড়া পদক্ষেপ করল কলকাতা হাইকোর্ট । এদিন আদালতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম শুনানিকালে জানান, 'যেখানে মানুষ ৮ ঘণ্টা শান্তিপূর্ণ ভাবে নিজেদের উৎসব পালন করতে পারেন না, সেখানে এই মুহূর্তে ভোটের প্রয়োজন নেই। এই ঘটনায় কে প্ররোচনা দিল, তা জানা দরকার। রাজ্য এবং কেন্দ্রীয় সংস্থাগুলি চাইলে হলফনামা জমা করতে পারে। আমরা নির্বাচন কমিশনকে বলব যে বহরমপুর লোকসভা কেন্দ্রের নির্বাচন যেন পিছিয়ে দেওয়া হয়।' যদিও এই মর্মে এখনও কমিশনের তরফে কিছু জানানো হয়নি।রামনবমীর মিছিলকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠেছিল মুর্শিদাবাদের রেজিনগর এলাকা। অভিযোগ ওঠে, রেজিনগরের শান্তিপুর এলাকা দিয়ে যখন মিছিল যাচ্ছিল, তখন কয়েক জন বাড়ির ছাদ থেকে ইট ছোড়েন। এমনকি, বোমাবাজি করার অভিযোগ ওঠে। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে র‍্যাফ নামাতে হয়। এই ঘটনায় কয়েক জন আহত হয়েছেন বলেও খবর। সেই ঘটনার জেরে কলকাতা হাইকোর্টে মামলা ঠোকে বঙ্গ বিজেপি। তাঁদের দাবি ছিল এই ঘটনায় এন আই এ-কে তদন্ত করতে দেওয়া হোক। এদিন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি ছিল। সেই শুনানিতে মামলাকারীর পক্ষের আইনজীবী প্রধান বিচারপতির সামনে রামনবমীতে অশান্তির ঘটনা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। শুধু বহরমপুর নয়, রামনবমীর দিন রাজ্যে যে সব জায়গা থেকে অশান্তির ঘটনার অভিযোগ উঠেছিল, সেই সব ঘটনার কথাও আদালতে জানানো হয় মামলাকারীর তরফে।

# সৎ চেতনার স্বামী পরমানন্দ গিরি



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)



এ যুগে মানুষ চেনা যেমন বড় দায়, ঠিক তেমনি সাধু সন্ত মহন্ত বা নাগা সন্ন্যাসী চেনা অনেক কঠিন হয়ে পড়েছে। ভারত বর্ষ একটা বৈচির্ত্যময় দেশ, যে দেশেই সনাতন ধর্মে কিছু মানুষ সবকিছু ত্যাগ করে নিজে সন্যাস গ্রহণ করেন। আর এই মহান মানুষটি সমাজের সমস্ত ভোগ বিলাসিতা থেকে কয়েকশো যোজন দূরে চলে যায় , সেই আত্মত্যাগের থেকে হয়ে ওঠে সন্ন্যাসী। সেই সব সন্ন্যাসী বা সাধু সন্তরা সংসার জীবন থেকে আত্মত্যাগী হয়ে ভিন্ন প্রান্তে ঘুরে বেড়ায় দেশ-বিদেশ পাহাড় জঙ্গল সর্বত্রে। না থাকে এদের নিদ্রা না থাকে আহার না থাকে এদের সুষ্ঠ পরিবেশ তবু এরা কর্মতে ব্যস্ত। দেশ ও দশের জন্য কিছু না কিছু করে চলেছে, পরিবারের সঙ্গে তাদের সম্পর্ক অটুট থাকেনা। তবে আজকের দিনের সাধুরা এসবের ধার ধারে না মুখে বলে পরিবারের সঙ্গে সম্পর্ক নেই অথচ তারা আটকভাবে সম্পর্ক রেখে চলেছে যে কোন ভাবে। আমাদের চারপাশে বেশধারী ভন্ড সাধুদের রমরমিয়ে আধিপত স্থাপন করছে, নিজের আত্মীয়-স্বজন পরিবার পরিবর্গ ভাই বোন সবাইকে ছেড়ে, ঈশ্বরের পাওয়ার আশায় মগ্ন থাকেন ধ্যান ও যোগে। তবে আজকের যুগের এমনই ধ্যান মগ্ন সাধু এবং সন্ন্যাসী পাওয়াটা বড় দায়। সাধু বেশে নিজেকেই প্রচারের আলোতেই এসে এমন বিস্তার দেখাচ্ছে ,অনেকের মনে করেন এছাড়া অন্য কোন সাধু-সন্ত হতে পারে না। তবে সংসার জীবনে থেকেও অনেক সৎ ব্রহ্মচারী আছে, অনেকেই সংসারে থেকেও সন্ন্যাস গ্রহণ করেছে আর নিজের মনস্থাপনা পূর্ণ করতে করতে নাম ও জপের মাধ্যমে মনোযোগ দিয়ে পূজা পাঠ করতে করতে সন্ন্যাসী হয়ে উঠেছে। বিভিন্নভাবে দেখা গেছে এরা প্রকৃত সাধু কিন্তু এরা প্রচারের আলো থেকে অনেক দূরেও রয়েছে,আমার মতন অনেক সাংবাদিক এদের প্রচার নিজে থেকেই করে। সাংবাদিক জীবনে লেখালেখির শুরু হওয়া থেকেই প্রকৃত সাধু খুঁজে পাওয়ার ভিন্ন নেশা আমার মধ্যে জন্মেছিল। বহু সাধুকে চোখের সামনে আনাগোনা দেখেছি তবে বেশিরভাগই ভন্ডা বলে মনে হয়েছে আমার নিজের ও। সমাজের চোখে ধুলো দেওয়ার জন্য সাধু রূপে তারা ভিন্ন কাজে লুপ্ত হয়েছে, এসব কিছু প্রশাসনকে ধুলো দেওয়ার একটা প্রকৃত রূপ। তবে সেসব এক বিতর্কের ইতিহাস, আমি সে বিষয়ে ঢুকতেই চাই না। আমি প্রকৃত সাধুদের কথা এই লেখার মাধ্যমে ফুটিয়ে তুলতে চাইছি। ফিরে আসি নিজের কথা বলতে গিয়ে সাধু সঙ্গ প্রসঙ্গে তুলে ধরার কথা, জীবনে বহু অঘটনের সঙ্গে সম্মুখীন হয়েছি আমি বারবার মনে হয়েছে কোথাও যেন কেউ আমাকে কিছু নির্দেশ দিচ্ছে। আর সেই নির্দেশ দেওয়ার নেশায় ছুটে বেরিয়েছে ভারতবর্ষ তথা বাংলার বিভিন্ন প্রান্তে সাধুসন্তদের আখরাতে, তবে শুধু মন্দির মসজিদ গির্জাতেও আছে। এছাড়াও ছুটে গিয়েছি কুম্ভ ও গঙ্গাসাগর মেলাতে। প্রকৃত মানুষকে খুঁজে পাওয়ার নেশায় আমার মনের এক প্রান্ত থেকে আরেক প্রান্ত বার বার কিছু না কিছু ইঙ্গিত দিয়েছে। কোথাও মনে হয়েছে সাধু সন্তান তো বেশিরভাগটাই হয়তো ভন্ড, আমার মনে প্রশ্ন রেখেছে না সবাই তো ভন্ড হতে পারে না। তাইতো হিন্দু সমাজের সনাতন ধর্মের ইতিহাস মিথ্যা হতো। তাই কোথাও আমার একটা সময় মনে হয়েছে , হয়তো এই ভন্ড থেকেও বেরিয়ে আসতে পারব। প্রকৃত সাধু ও সন্ন্যাসীকে আমি খুঁজে পাবোই, এ ভাবনা ভাবতেই ভাবতেই মনে হয়েছে যেমন সব মানুষই সৎ হয় না, তবে সব সাধু যে সাধু নয় সেটা বারবার উপলব্ধি করেছি। ভন্ড নয় এবং আধ্যাত্মিক দিব্য পুরুষ কি সত্যিই আছে সেই ভাবনা নিয়েই আমি একদিন চলে গেলাম কুম্ভ মেলাতেই, তবে এক সাধুর সঙ্গে আর এক সাধুর উপস্থিতি দেখতে পেলাম। সেই সাধটির প্রতি বারবার আমার আকর্ষণ হয়েছিল। আর সেদিনে সেই সাধুটির সঙ্গে আলাপ হয়েছিল, সেই দিনের পর থেকে সেই সন্যাসী প্রতি আমার মনের একটা আকৃষ্ট তৈরি হয়েছিল। কথাবার্তা বলতে বলতে সেই সন্ন্যাসীটির মনের ভিতরটি বোঝার চেষ্টা করলাম। তবে আজকের যুগ অনুযায়ী তাকে দেখলে মনে হয়

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই সময় থেকেই প্রজনন ও বিবাহ রীতির দেবী হিসেবেও মনসা স্বীকৃতি লাভ করেন। কিংবদন্তি অনুযায়ী, শিব বিষপান করলে মনসা তাঁকে রক্ষা করেন; সেই থেকে তিনি বিষহরি নামে পরিচিতা হন। তাঁর জনপ্রিয়তা দক্ষিণ ভারত পর্যন্ত প্রসারিত হয়। মনসার পূজকেরা শৈবধর্মের প্রতিদ্বন্দ্বিতাতেও অবতীর্ণ হন। শিবের কন্যারূপে মনসার জন্মকাহিনি এরই ফলশ্রুতি। এর পরেই হিন্দুধর্মের ব্রাহ্মণ্যবাদী মূলধারায় মনসা দেবীরূপে স্বীকৃতিলাভ করেন। ক্রমশঃ

## এক দেশ এক ভোট'-এর মতো নীতির প্রভাব কতটা জনবিরোধী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উনিশের লোকসভা ভোট হোক কিংবা একুশের বিধানসভা নির্বাচন, উত্তরবঙ্গ বরাবর হতাশ করেছে রাজ্যের শাসকদলকে। কিন্তু চব্বিশের ভোটে সেই হতাশা কাটিয়ে উত্তরের মাটিতে ঘাসফুলে ফুটিয়ে তুলতে মরিয়া তৃণমূল কংগ্রেস। আর সেই কারণে উত্তরবঙ্গের বিভিন্ন লোকসভা কেন্দ্রগুলিতে ঘুরে ঘুরে নির্বাচনী প্রচার করে চলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়। দার্জিলিংয়ের তৃণমূল প্রার্থী প্রাক্তন মহকুমাশাসক গোপাল লামা। অন্যদিকে, বিজেপির প্রার্থী রাজু বিস্তা। দুজনের তুলনা করে অভিষেকের দাবি, "বলুন ভূমিপুত্র গোপাল লামা নাকি বহিরাগত রাজু বিস্তা কাকে জেতাবেন? আগামী ২৬ তারিখ যদি গোপাল লামাকে ভোট দিয়ে, সমর্থন দিয়ে জেতান, তাহলে দার্জিলিংবাসীর আবাসের টাকা নিয়ে ভাবতে হবে না। প্রথম দফার কিস্তির টাকা রাজয় সরকার ৩১ ডিসেম্বরের মধ্যে আপনাদের অ্যাকাউন্টে পৌঁছে যাবে।" তবে অভিষেকের এই ভোকাল টনিকে এবার কি দার্জিলিংয়ে ঘাসফুল ফুটবে? তা স্পষ্ট হবে ৪ জুন।গত ১৯ এপ্রিল থেকে শুরু হয়েছে চব্বিশের লোকসভা নির্বাচন । ওইদিন প্রথম দফায় ভোট হয়েছে রাজ্যের তিন কেন্দ্রে। আগামী ২৬ তারিখ দ্বিতীয় দফা শামিল হবেন দার্জিলিং-সহ তিন কেন্দ্রের ভোটাররা। তার আগে দার্জিলিং লোকসভা কেন্দ্রের অন্তর্গত মাটিগাড়া-নকশালবাড়ির গোঁসাইপুরে, উত্তরা টাউনশিপ ময়দানের নির্বাচনী সভা থেকে ফের বিজেপি বিরোধী বার্তা দেওয়ার পাশাপাশি অভিষেক বন্দ্যোপাধ্যায় বুঝিয়ে দিলেন, বিজেপিকে ফের জেতালে কী কী বিপদ আসতে পারে। বোঝালেন 'এক দেশ এক ভোট'-এর মতো নীতির প্রভাব কতটা জনবিরোধী। তাঁর কথায়, "বিজেপির হাত শক্ত করলে ২৬ তারিখই হবে আপনাদের জীবনের শেষ ভোট।" তুললেন নতুন স্লোগান, 'অনেক হয়েছে শাসন, ২৬ তারিখ বিসর্জন'।

৩ পাতার পর

## ২০২২ সালে মোট ৬৫ হাজার ৯৬০ জন ভারতীয় আমেরিকার নাগরিকত্ব লাভ করেছেন

কংগ্রেসের তরফে প্রকাশিত সাম্প্রতিক একটি রিপোর্ট থেকে এই তথ্য জানা গিয়েছে। ওই রিপোর্টে বলা হয়েছে, ২০২২ সালে মোট ৬৫ হাজার ৯৬০ জন ভারতীয় আমেরিকার নাগরিকত্ব লাভ করেছেন। ভারতের পরে রয়েছে যথাক্রমে ফিলিপিন্স, কিউবা এবং ডমিনিকান রিপাবলিকের মতো দেশ। আমেরিকান সেন্সাস ব্যুরো-র তরফে করা একটি সমীক্ষায় জানা গিয়েছে, ২০২২ সালে এ দেশে মোট ৪.৬ কোটি বিদেশি নাগরিক বসবাস করতেন। যে সংখ্যাটা আমেরিকায় বসবাসকারী মোট জনগণের ১৪ শতাংশ। সে বছরে আমেরিকার মোট জনসংখ্যা ছিল ৩৩.৩ কোটি। আমেরিকান কংগ্রেসেরই আর একটি রিপোর্ট (কংগ্রেশনাল রিসার্চ সার্ভিস বা সংক্ষেপে সিআরএস) জানাচ্ছে ২০২২ সালে মোট ৯৬,৯৩,৩৮০ জন বিদেশি নাগরিক আমেরিকার নাগরিকত্ব (ন্যাচারালাইজড ইউএস সিটিজন) পেয়েছেন।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## নগ্ন পুরুষদের নিয়ে বিদ্যা বালানের মন্তব্য



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় অভিনেত্রী বিদ্যা বালান। ২০০৩ সালে রুপালি পর্দায় অভিষেক হয় তার। ক্যারিয়ারে এখন পর্যন্ত অসংখ্য হিট সিনেমা উপহার দিয়েছেন তিনি। সাহসী চরিত্রে অভিনয় করেও নজর কেড়েছেন এই নায়িকা। বিদ্যা বালানের পরবর্তী সিনেমা 'দো আউর দো পেয়ার'।

সম্প্রতি এই সিনেমার প্রচারণার অংশ হিসেবে ভারতীয় একটি গণমাধ্যমে সাক্ষাৎকার দিয়েছেন তিনি। আর সেখানেই নগ্ন পুরুষদের নিয়ে মন্তব্য করেন বিদ্যা বালান। অভিনেত্রী জানান, এখন নগ্ন পুরুষদেরও বাহবা পাওয়ার সময় এসেছে।

জানা গেছে, ২০২২ সালে নগ্ন ফটোশুট করেছিলেন বলিউড অভিনেতা রণবীর সিং। সেসময় ব্যাপক তোপের মুখে পড়েছিলেন তিনি। অভিনেতার এই ফটোশুটকে কেন্দ্র করে রীতিমতো সমালোচনার ঝড় উঠেছিল সামাজিক যোগাযোগমাধ্যমে। তবে রণবীরের এই সাহসিকতার প্রশংসা করেছিলেন বিদ্যা বালান।

এ প্রসঙ্গে অভিনেত্রী বলেন, আগে যা বলেছি এখনও একই কথা বলব। আপনি যে কোনো প্রাপ্তবয়স্কদের পাঠ্য পত্রিকা দেখুন, 'প্লেবয়' বা 'ডেবোনেয়র'-এ আমরা সবসময় নারীদের নগ্ন ছবি দেখি। সেটা কোনো পুরুষ বা সমকামীর ভালো লাগতে পারে।

কিন্তু আমাদের মতো যারা আছেন, তারা কী করবেন? আমাদেরও শখ কিংবা ইচ্ছা থাকতে পারে। তাই এখনও ঠিক সেটাই বলছি আমার ভালো লেগেছিল। নগ্ন নারীদের অনেক বাহবা দিয়েছি, এখনও হরহামেশাই দিয়ে থাকি। এবার মনে হয় সময় এসেছে, নগ্ন পুরুষদেরও বাহবা পাওয়ার।

সাধারণ মানুষের মতো বলিউডের অনেক তারকাকেই বিবাহ-বহির্ভূত সম্পর্ক জড়াতে দেখা যায়। এই বিষয়টি নিজের অভিমত জানিয়ে বিদ্যা বালান বলেন, আমি এটা মানি যে, বিয়ের বাইরেও প্রেমের সম্পর্ক তৈরি হতে পারে। আমি যদি এই বিষয়টিকে খাবারের সঙ্গে তুলনা করি, তা হলে বলব, রোজ রোজ ডাল-ভাত খেয়ে আমাদের একটা একঘেয়েমি চলে আসে। তাই আমরা নুডলস বা অন্য কিছুর দিকে ঝুঁকি। কিন্তু একটা সময় আসে, যখন আমরা খাঁটি ডাল-ভাতের মর্ম বুঝি।

বিবাহ-বহির্ভূত সম্পর্কের নানান বিষয় উঠে এসেছে বিদ্যা বালানের নতুন সিনেমায়। অভিনেত্রী বলেন, আমাদের সিনেমায় শুধু বিবাহ-বহির্ভূত সম্পর্ক দেখানও হয়নি। এর বাইরেরও অনেক বিষয়ও রয়েছে। আমরা তো নিজেদের প্রেমিক-প্রেমিকার সঙ্গেও প্রতারণা করি।

## জিতের সঙ্গে কাজ নিয়ে মুখ খুললেন দেব



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অনেকদিন ধরেই টলিউডের দুই সুপারস্টার দেব ও জিতকে এক ফ্রেমে দেখতে চান অনুরাগীরা। কিন্তু কোনোভাবেই তাদের এক ছবিতে যুক্ত হওয়ার কোনো সম্ভাবনা দেখা যাচ্ছে না। কেন এক ছবিতে কাজ করছেন না তারা এ প্রশ্ন অনেকের।


এ বিষয়ে প্রশ্ন করা হলে ভারতীয় সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে দেব বলেছেন, 'এটা সম্পূর্ণ নির্ভর করছে কে কী বিষয়ে প্রস্তাব আনবে। আমি আগেও জিৎদার কাছে গিয়েছি প্রস্তাব নিয়ে, কিন্তু কাজ করা হয়নি। আমি তো অনেক নায়কের সঙ্গেই কাজ করেছি মিঠুন দা, বুম্বাদা (প্রসেনজিৎ চট্টোপাধ্যায়)। জিৎদার সঙ্গে কাজ করার খুব ইচ্ছা আছে। কিন্তু একজন সুপারস্টারকে ছবিতে নেওয়ার অর্থ তার চরিত্রকে জাস্টিফাই করতে হবে। যেমনটা প্রজাপতিতে মিঠুনদাকে করা হয়েছিল।'

এরপর দেব বলেন, জিৎদার কাছে কোনও বিষয় থাকলে উনি আমায় জানাতে পারেন। আমিও করব। বিষয়টা খোলা থাকল।'

অবশ্য এর আগে একবার শোনাগিয়েছিল যে একসঙ্গে কাজ করছেন দেব-জিৎ। সেসময় গুঞ্জনটি উড়িয়ে দিয়ে জিৎ বলেছিলেন,'এসব গুজব চলছে সবই ভিত্তিহীন। আমি আপনাকে নিশ্চিত করতে পারি যে শিগগিরই এমন কোনও সম্ভাবনা নেই। আমরা একসঙ্গে কোনও ছবি করছি না। অন্তত, আমার এই ধরনের কোনও বিষয় জানা নেই।'

সর্বশেষ দেব-জিতকে এক ছবিতে দেখা গিয়েছিল ২০১০ সালে। সে বছর 'দুই পৃথিবী' সিনেমায় পর্দা ভাগ করেছিলেন তারা। এরপর একসাথে আর এক সিনেমায় দেখা যায়নি তাদের দুজনকে।

## 'ডিপফেক' ভিডিও দিয়ে রাজনৈতিক প্রচার, থানায় মামলা করলেন আমির খান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রাশ্মিকা মন্দানা থেকে ক্যাটরিনা কাইফসহ ডিপফেকের শিকার হয়েছেন বলিউডের একাধিক অভিনেত্রী। তাদের সাথে এবার যোগ হলেন বলিউডের মিস্টার পারফেকশনিস্ট আমির খান।

সম্প্রতি আমির খানের একটি 'ডিপফেক' ভিডিও নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। ওই ভিডিওতে দাবি করা হয়েছে, আমির একটি বিশেষ রাজনৈতিক দলের হয়ে নির্বাচনি প্রচারে অংশ নিয়েছেন।

২৭ সেকেন্ডের ওই ভিডিওতে আমির খানকে 'জুমলা'র থেকে সতর্ক থাকতে বলতে দেখা গেছে। আমিরের অফিসের দাবি, অভিনেতার মুখ মর্ফ করে ভিডিও ব্যবহার করা হয়েছে। তিনি এমন কোনও প্রচার ভিডিও শুট করেননি।

আমির খানের অফিসের পক্ষ থেকে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, ৩৫ বছরের বলিউড ক্যারিয়ারে আমির খান কখনও কোনও রাজনৈতিক দলের হয়ে প্রচার করেননি। আমিরের অফিস থেকে অভিযোগ পেতেই পুলিশ ভারতীয় দণ্ডবিধির ৪১৯ (অন্যকে নকল করা), ৪২০ (প্রতারণা) সহ একাধিক ধারায় এবং তথ্য প্রযুক্তি আইনে মামলা দায়ের করা হয়েছে।

## নতুন ওয়েব সিরিজে পাওলি দাম



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বাংলায় নারীকেন্দ্রিক ওয়েব সিরিজের সংখ্যা ক্রমশ বাড়ছে। এবার তালিকায় আরও একটি সিরিজ যুক্ত হতে চলেছে। এই সিরিজের মুখ্য চরিত্রে অভিনয় করছেন পাওলি দাম। সৌভিক কুন্ডু পরিচালিত সিরিজটির শুটিং ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে।

সিরিজের নাম 'গুটিপোকা'। সূত্রের দাবি, এই সিরিজে হিংসার শিকার এক নারীর চরিত্রে অভিনয় করছেন পাওলি। পেশায় সে শিক্ষিকা। মূলত শিক্ষিকা এবং ছাত্রীর সম্পর্কের প্রেক্ষাপটে গল্প। কিন্তু আপাত ভীরু স্বভাবের পাওলি অভিনীত চরিত্রটি এক সময়ে পরিস্থিতির চাপে কীভাবে ঘুরে দাঁড়ায়, তা নিয়েই সিরিজের গল্প এগোবে। সূত্র জানিয়েছে, একজন নারীর গুটিপোকা থেকে প্রজাপতি হয়ে উড়ানের আখ্যানকে তুলে ধরবে সিরিজটি।

এই সিরিজে পাওলি ছাড়াও অভিনয় করছেন একঝাঁক তারকা। পাওলির ছাত্রীর ভূমিকায় রয়েছেন বিয়াস ধর। এছাড়াও বিভিন্ন চরিত্রে অভিনয় করছেন সৌরভ চক্রবর্তী, চন্দন সেন, শঙ্কর দেবনাথ, ফাল্গুনী চট্টোপাধ্যায়, বিদীপ্তা চক্রবর্তী, প্রান্তিক বন্দ্যোপাধ্যায়, শিঞ্জিনী চক্রবর্তী প্রমুখ। পাওলির স্বামীর চরিত্রে রয়েছেন সৌরভ। নির্মাতারা এখনও এই সিরিজটির আনুষ্ঠানিক ঘোষণা করেননি। উল্লেখ্য, এটাই সৌভিকের প্রথম ওয়েব সিরিজ হতে চলেছে।

'হইচই'-এর জন্য তৈরি এই সিরিজটির প্রযোজনা করছে 'অ্যাক্রোপলিস এন্টারটেইনমেন্ট'। আপাতত সিরিজের ওয়ার্কিং টাইটেল 'গুটিপোকা'। তবে পরবর্তীতে নাম পরিবর্তন হতেও পারে। চলতি সপ্তাহেই সিরিজের শুটিং শেষ হওয়ার কথা। সিরিজটির মুক্তির দিন এখনও চূড়ান্ত হয়নি।

সম্প্রতি 'জুলি' নামের একটি ওয়েব সিরিজের শুটিং শেষ করেছেন পাওলি। সেই সিরিজে তিনি এক রাজনীতিকের চরিত্রে অভিনয় করেছেন।

## শ্রাবন্তী সিঙ্গেল, খুঁজছেন সঙ্গী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতীয় বাংলা সিনেমার আলোচিত অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি। তৃতীয় স্বামী রোশান সিংয়ের সঙ্গে কয়েক বছর ধরে আলাদা থাকছেন। স্ত্রীর সঙ্গে পুনরায় সংসার করার জন্য মামলাও করেন রোশান। কিন্তু তাতে সায় না দিয়ে বিয়েবিচ্ছেদ চেয়ে আদালতে মামলা করেন শ্রাবন্তী। শুধু তা-ই নয়, ২০২১ সালের সেপ্টেম্বরে খোরপোশ বাবদ অর্থও দাবি করেন এই অভিনেত্রী। রোশান সিংয়ের সঙ্গে আনুষ্ঠানিক বিচ্ছেদ না হলেও ব্যবসায়ী অভিরূপ চৌধুরীর সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান শ্রাবন্তী। তাদের ঘনিষ্ঠতার কথা স্বীকার করেন শ্রাবন্তীর স্বামী রোশান সিং। এখানেই শেষ নয়, অভিরূপের সঙ্গে একাধিকবার মালদ্বীপ ভ্রমণেও গিয়েছেন এই অভিনেত্রী। তবে এ সম্পর্ক থেকে বেরিয়ে এসেছেন শ্রাবন্তী। গত বছরের শেষের দিকে জানা যায়, শুভ্রজিৎ মিত্রর সঙ্গে শ্রাবন্তী প্রেম করছেন। যদিও এ কথা স্বীকার করেননি শুভ্রজিৎ কিংবা শ্রাবন্তী। বরং তারা বিষয়টি এড়িয়ে যান।

এদিকে বেশ কিছুদিন ধরে গুঞ্জন উড়ছে, ভারতীয় টিভি ও চলচ্চিত্রাভিনেতা জীতু কমলের সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িয়েছেন শ্রাবন্তী। বিষয়টি নিয়ে টলিপাড়ায় চর্চা হলেও জীতু কিংবা শ্রাবন্তী মুখে কুলুপ এঁটেছিলেন। অবশেষে এ নিয়ে কথা বললেন শ্রাবন্তী নিজেই। ভারতীয় একটি গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে এ নিয়ে কথা বলেন এই অভিনেত্রী।

জীতু কমলের সঙ্গে প্রেমের গুঞ্জনে সীলমোহর পড়বে? এ প্রশ্নের উত্তরে শ্রাবন্তী চ্যাটার্জি বলেন, আমি নিজেই অবাক হয়ে যাচ্ছি নামটা শুনে। আরো অনেকের নাম জুড়ে দেওয়া হয় আমার সঙ্গে। লোকে অনেক কিছুই ভাবে, আমি তো জানি সত্যিটা কী! আমার প্রেম, ভালোবাসা, সবই অভিনয়কে ঘিরে।' তাহলে ৩৬ বছর বয়সি শ্রাবন্তী ঠিক কার সঙ্গে সম্পর্কে রয়েছেন? এ বিষয়ে শ্রাবন্তীর স্পষ্ট জবাব– 'আমি এখনো সিঙ্গেল।'

বেশ কিছু প্রশংসিত সিনেমা উপহার দিয়েছেন ৩৪ বছর বয়সি জীতু কমল। বিশেষ করে 'অপরাজিত' সিনেমাটি তাকে আলাদাভাবে আলোচনায় নিয়ে আসে। শ্রাবন্তীর সঙ্গে জুটি বেঁধে সিনেমায়ও অভিনয় করেছেন। ব্যক্তিগত জীবনে নন্দিতা দাসের সঙ্গে সংসার বেঁধেছেন এই অভিনেতা।

২০০৩ সালে পরিচালক রাজীবকে বিয়ে করেন শ্রাবন্তী।

তাদের ঘর আলো করে আসে পুত্রসন্তান অভিমন্যু (ঝিনুক)। পরবর্তী সময়ে রাজীবের সঙ্গে ছাড়াছাড়ি হয় তার। এরপর এ অভিনেত্রী বিয়ে করেন প্রেমিক কৃষাণ ভিরাজকে। ২০১৬ সালের জুলাইয়ে কলকাতার একটি পাঁচতারা হোটেলে শ্রাবন্তী ও কৃষাণের রেজিস্ট্রি বিয়ে হয়। ২০১৭ সালের আগস্টের দিকে দ্বিতীয় সংসারেও ভাঙনের সুর বেজে ওঠে। ২০১৭ সালের শেষের দিকে বিয়েবিচ্ছেদের কথা জানান শ্রাবন্তী।

## চ্যাম্পিয়ন্স লিগে

# সর্বোচ্চ ক্লিনশিটের রেকর্ড গড়লেন জার্মান গোলরক্ষক নয়্যার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে সর্বোচ্চ ৫৮টি ক্লিনশিট (গোলরক্ষক তার জালকে গোল খাওয়া থেকে শুরক্ষিত রাখাকে বোঝায়) নিয়ে ইতিহাসে নাম লেখালেন বায়ার্ন মিউনিখ ও জার্মান গোলরক্ষক ম্যানুয়েল নয়্যার। এর আগে ৫৭টি ক্লিনশিট নিয়ে নয়্যারের সাথে যৌথভাবে রেকর্ডটি ছিল সাবেক রিয়াল মাদ্রিদ তারকা ইকার ক্যাসিয়াস।

বুধবার রাতে চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগে আর্সেনালের বিপক্ষে খেলতে নামে বায়ার্ন মিউনিখ। এই ম্যাচে ১-০ গোলে জয় পায় বায়ার্ন। আর এই ম্যাচের পরেই ক্যাসিয়াসের রেকর্ড ভেঙে তালিকার চূড়ায় উঠে আসেন নয়্যার।-যমুনা

ক্যাসিয়াস ও নয়্যারের পরের অবস্থানে রয়েছেন ইতালিয়ান কিংবদন্তি ও জুভেন্টাস তারকা বুফন। তার ক্লিনশিটের সংখ্যা ৫২টি। এ তিনজন ছাড়া আর কেউই চ্যাম্পিয়ন্স লিগের ইতিহাসে অর্ধশত ক্লিনশিটের মাইলফলকে পৌঁছাতে পারেনি। উল্লেখ্য, ক্লিনশিট বলতে দুই দলের মধ্যে বিজয়ী দলের গোলরক্ষক নিজের জালকে শুরক্ষিত করাকে বোঝায়। কোনো দল যদি ১-০ গোলে জিতে তাহলে সেই দলের গোলরক্ষকের একটি ক্লিনশিট জমা হয়।

## গ্রেকো-রোমান

# এশিয়ান কুস্তি চ্যাম্পিয়ন ইরান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ইরানের পুরুষ গ্রেকো-রোমান কুস্তি দল মঙ্গলবার ২০২৪ এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপের শিরোপা জিতেছে।ইরান সামগ্রিকভাবে চারটি স্বর্ণ জিতেছে। সহজেই ২০০ পয়েন্ট নিয়ে তৃতীয়বারের মতো দলটি চ্যাম্পিয়ন হওয়ার গৌরব লাভ করেছে। কিরগিজস্তান ১৪৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে এবং তৃতীয় স্থানে থাকা জাপান তিন স্বর্ণপদক নিয়ে কিরগিজস্তানের চেয়ে মাত্র দুই পয়েন্ট পিছনে রয়েছে।

প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন ইরান ২য় দিনে চার কুস্তিগীরকে ফাইনালে পাঠায়। এদের মধ্যে টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয়ী মোহাম্মদহাদি সারাভি ৯৭ কেজিতে সম্পূর্ণ আধিপত্যের সাথে স্বর্ণপদক জিতে এবং তরুণ কুস্তিগীর সাইদ ইসমাইলি ৬৭ কেজিতে প্রথমবারের মতো এশিয়ান শিরোপা জিতেছে।

সারাভাই ৯৭ কেজি ফাইনালে কাজাখস্তানের ইসুফ মাতসিয়েভকে ৯-০ ব্যবধানে পরাজিত করেন।

# ভারত-পাকিস্তান সিরিজ নিয়ে যেসব কথা বললেন রোহিত শর্মা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বিশ্বকাপ কিংবা এশিয়া কাপ ছাড়া ক্রিকেট মাঠে এখন আর ভারত-পাকিস্তানের লড়াই দেখা যায় না। দুই দেশের রাজনৈতিক বৈরিতা আর সীমান্তের উত্তেজনার করণে এক যুগেরও বেশি সময় ধরে প্রতিবেশি দেশ দুইটি দ্বিপাক্ষীক সিরিজে মুখোমুখি হয় না। চিরপ্রতিদ্বন্দ্বী দেশ দুইটি সবশেষ টেস্ট খেলেছিলো ২০০৭ সালে। এরপর আর সাদা পোষাকে মুখোমুখি হয়নি ভারত-পাকিস্তান। দুই দেশের সরকার নমনীয় না হলে চিরপ্রতিদ্বন্দ্বী দল দুটিকে আবার কবে দ্বিপক্ষীয় সিরিজে খেলতে দেখা যাবে, কে জানে! তবে ভারতীয় অধিনায়ক রোহিত শর্মার চাওয়া, শুধু আইসিসি বা এসিসির টুর্নামেন্ট নয়; টেস্ট ক্রিকেটের স্বার্থে ভারত-পাকিস্তান নিয়মিত দ্বিপক্ষীয় সিরিজে মুখোমুখি হোক। বুধবার (১৭ এপ্রিল) রাতে 'ক্লাব প্রেইরি ফায়ার' নামের পডকাস্টে নিজের অভিমত তুলে ধরেন রোহিত।

পডকাস্টে ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভন রোহিতকে জিজ্ঞেস করেন, ও'তোমার কি মনে হয় না, ভারত-পাকিস্তান নিয়মিত মুখোমুখি হলে তা টেস্ট ক্রিকেটের জন্য চমৎকার ব্যাপার হবে?'

উত্তরে রোহিত বলেন, 'আমি পুরোপুরি তা বিশ্বাস করি। ওরা (পাকিস্তান) দল হিসেবে দারুণ। ওদের বোলিং লাইন আপ অসাধারণ। আমি মনে করি দারুণ এক প্রতিযোগিতা হবে, বিশেষ করে খেলাটা যদি বিদেশের কন্ডিশনে হয়। সর্বশেষ ভারত-পাকিস্তান ২০০৬ বা ২০০৮ সালে (আসলে ২০০৭ সালে) টেস্টে মুখোমুখি হয়েছে। কলকাতায় হওয়া ম্যাচটিতে ওয়াসিম জাফর ডাবল সেঞ্চুরি করেছিলেন।'

ভন এরপর ভারতীয় অধিনায়ককে জিজ্ঞেস করেন, তিনি নিয়মিতো পাকিস্তানের বিপক্ষে সিরিজ খেলতে চান কি না। রোহিতের উত্তর, 'আমি চাই। সেটা হলে ভালোই হবে। দিন শেষে আমরা প্রতিযোগিতার মধ্যে থাকতে পারবো। আমার মনে হয় দুই দলের লড়াইটা হাড্ডাহাড্ডি হবে। যাই হোক, আমরা এখন আইসিসির টুর্নামেন্টে খেলছি। তাই অন্য কোনো সিরিজে খেলা ব্যাপার না। আমার সব আগ্রহ নির্ভেজাল ক্রিকেট নিয়ে। এটা হবে নির্ভেজাল ক্রিকেট। এটাও ব্যাট-বলেরই লড়াই। তাহলে এমন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সিরিজ খেলতে আপত্তি কোথায়?'

# চেন্নাইয়ে মুস্তাফিজের বিকল্পে নতুন পেসার!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : এবারের আইপিএলে মুস্তাফিজুর রহমানের অধ্যায় শেষ হতে খুব বেশিদিন আর বাকি নেই। স্বাভাবিকভাবেই তার জায়গা চেন্নাই সুপার কিংস কাকে দিয়ে পূরণ করবে, সেই প্রশ্ন উঠছিল। সেই জবাবটাই কি দিয়ে দিলো আইপিএলের সফলতম ফ্র্যাঞ্চাইজিটি! নতুন করে বিদেশি এক পেসারকে তারা দলে ভিড়িয়েছে, তিনি হচ্ছেন ইংল্যান্ডের রিচার্ড গ্লিসন। তবে তাকে নেয়া হয়েছে নিউজিল্যান্ড ওপেনার ডেভন কনওয়ের বদলি হিসেবে।

এই কিউই ক্রিকেটারের খেলা নিয়ে অনিশ্চয়তা ছিল আসরের শুরু থেকেই । বাঁ-পায়ের চোটের কারণে এবার কনওয়ে পুরো আসর থেকেই ছিটকে গেলেন। গত ফেব্রুয়ারিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি ম্যাচে চোটে পড়েছিলেন তিনি। এরপর সার্জারি করা কনওয়ে মে মাসের মাঝামাঝিতে ফিরতে পারেন বলে আশা করেছিল চেন্নাই। তবে সেটি আর সম্ভব নয়। তার পরিবর্তে স্বাভাবিকভাবেই কোনো ব্যাটার নেয়ার কথা ছিল, তবে চেন্নাই দলের ব্যাটিং লাইনআপ যথেষ্ট শক্তিশালী হওয়ায় বিদেশি খেলোয়াড়ের স্লটটি পূরণ করা হয়েছে পেসার গ্লিসনকে দিয়ে।

জিম্বাবুয়ে সিরিজের জন্য এপ্রিল শেষেই বাংলাদেশে ফিরবেন মুস্তাফিজ। তাকে ১ মে পর্যন্ত সময়ের জন্য এনওসি (অনাপত্তিপত্র) দিয়েছিল বিসিবি। তাই নিশ্চিতভাবেই আইপিএলের শেষদিকে বড় একটা সময় দলের সেরা এই উইকেটশিকারিকে চেন্নাই পাচ্ছে না। পাঁচ ম্যাচে এখন পর্যন্ত টাইগার পেসার ফিজের শিকার ১০ উইকেট। যা টুর্নামেন্টের সেরা উইকেটশিকারের তালিকায়ও রেখেছে তাকে।

ফিজের অনুপস্থিতি পূরণে হয়তো চেন্নাই একাদশে সুযোগ মিলতে পারে ইংলিশ পেসার গ্লিসনের। ৩৬ বছর বয়সী এই ক্রিকেটার ইংল্যান্ডের হয়ে ৬টি আন্তর্জাতিক টি-টোয়েন্টি খেলেছেন।

## রোনালদোর পাওনা

# ১১৩ কোটি টাকা দিতে জুভেন্টাসকে নির্দেশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত ইতালিয়ান ক্লাব জুভেন্টাসে খেলেছিলেন বিশ্ব ফুটবলের শ্রেষ্ঠ তারকাদের একজন ক্রিস্টিয়ানো রোনালদো। এরপর তিনি যোগ দিয়েছিলেন ম্যানচেস্টার ইউনাইটেডে। কিন্তু জুভেন্টাসে তার বকেয়া রয়ে গিয়েছিল ৯৭ লাখ ইউরো। সেটা ফিরে পেতে তিনি গেল বছরের সেপ্টেম্বর পর্যন্ত অপেক্ষা করেছিলেন। কিন্তু না পাওয়ায় এরপর আইনি সহায়তা নিয়েছিলেন। দ্বারস্থ হয়েছিলেন আন্তর্জাতিক ক্রীড়া আদালতের।


রোনালদোর বিশাল সম্পদের পাহাড়ে সেই অর্থযোগ অবশ্য তেমন কিছু নয়। তবে রোনালদোর ব্যাংক হিসাবে এই অর্থযোগ হবে পর্তুগিজ তারকার একটি অন্য রকম বিজয়।

কোর্ট অব আরবিট্রেশন রোনালদোর সেই আবেদনের পরিপ্রেক্ষিতে জুভেন্টাসকে ৯৭ লাখ ইউরো দেওয়ার আদেশ দিয়েছেন। রোনালদোর প্রাপ্য বেতন থেকে কর ও অন্যান্য খরচ বাদ দিয়ে এই অর্থ নির্ধারণ করা হয়েছে। ৯৭ লাখ ইউরোর সঙ্গে মুনাফা ও বিচারিক প্রক্রিয়ার খরচও দিতে হবে জুভেন্টাসকে।

এর আগে ২০১৮ সালের আগস্টে রিয়াল ছেড়ে জুভেন্টাসে যোগ দেন রোনালদো। ক্লাবটির হয়ে দুটি সিরি আ, সুপার কাপ ও একটি ইতালিয়ান কাপ জেতেন তিনি।

## ইতোমধ্যেই শুরু

# অলিম্পিকের ক্ষণগণনা, সাজছে ঐতিহ্যের শহর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আর মাত্র কিছুদিন পরেই স্বপ্নের শহর প্যারিসে বসতে যাচ্ছে ২০২৪ বিশ্ব অলিম্পিকের আসর। ইতোমধ্যেই শুরু হয়েছে ১০০ দিনের 'ক্ষণগণনা'। আর এবার অলিম্পিকের জন্য নতুন রূপে সাজতে শুরু করেছে সাহিত্য, সংস্কৃতি আর ঐতিহ্যের শহর প্যারিস। আকর্ষণের কেন্দ্রবিন্দুতে থাকছে ঐতিহাসিক আইফেল টাওয়ার। শুধু তাই নয়, মেগা এই ইভেন্টকে সামনে রেখে সংস্কার চলছে নটরডেম ক্যাথেড্রালের। অলিম্পিককে সামনে রেখে এরই মধ্যে নতুন রূপে সাজতে শুরু করেছে পুরনো ঐতিহ্যবাহী এই শহর। মেগা ইভেন্টের আয়োজন থাকছে স্মৃতিস্তম্ভগুলোতে। আকর্ষণের কেন্দ্রবিন্দুতে থাকছে ঐতিহাসিক আইফেল টাওয়ারও। সাইক্লিং, অ্যাথলেটিক্স ও তীরন্দাজের মতো আয়োজন থাকছে হোটেল ডেস ইনভালাইডসে।

১৬৮৭ সালে নির্মিত এই হোটেলটি একসময় ব্যবহৃত হতো সামরিক হাসপাতাল ও যুদ্ধের প্রবীণ সৈনিকদের অবসর কাটানোর জন্য। ফরাসী বিপ্লবের নায়ক সম্রাট নেপোলিয়ন বেনাপোর্টের সমাধিও রয়েছে এই স্থানটিতে। সেইন নদীর অপর প্রান্তে, উনিশ শতকে নির্মিত গ্র্যান্ড প্যালেসে উপভোগ করা যাবে তায়কোয়ান্দো ইভেনট। অলিম্পিককে সামনে রেখে সংস্কার চলছে ২০১৯ সালে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত নটরডেম ক্যাথেড্রালের। কিছুদিনের মধ্যেই এর দরজা আবারো খুলে যাবে পর্যটকদের জন্য।

দ্যা গ্রেটেস্ট ক্রীড়া ইভেন্ট অলিম্পিক ও প্যারা অলিম্পিক মিলিয়ে ৫টি মহাদেশের প্রায় ১৫ হাজার ক্রীড়াবিদ একত্রিত হবেন প্যারিসে। শহরটিতে বসবাস রয়েছে প্রায় ২১ লাখ মানুষের। সব মিলিয়ে পর্যটনসমাগমে ভরে উঠবে প্যারিস শহর এমনটিই আশা করা হচ্ছে।

# যুক্তরাষ্ট্র জাতীয় ক্রিকেট দলের দায়িত্ব নিচ্ছেন স্টুয়ার্ট ল




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের সাবেক কোচ স্টুয়ার্ট ল এবার দায়িত্ব নিয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় ক্রিকেট দলের। স্টুয়ার্টের নেতৃত্বেই বাংলাদেশের যুবারা এশিয়া কাপের শিরোপা ঘরে তুলেছিল। তার আগে অবশ্য তিনি বাংলাদেশের জাতীয় ক্রিকেট দলের কোচিং প্যানেলেও কাজ করেছেন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে কোচ হিসেবে ল এর নিয়োগের বিষয়টি নিশ্চিত করেছে যুক্তরাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন। বাংলাদেশের এই সাবেক কোচের প্রথম প্রতিপক্ষও বাংলাদেশ।

বিশ্বকাপের আগে বাংলাদেশের বিপক্ষে ৩ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলবে যুক্তরাষ্ট্র। সেটিই যুক্তরাষ্ট্রের কোচ হিসেবে স্টুয়ার্ট লুএর প্রথম কোন সিরিজ।

ল এর আগে বাংলাদেশে ২০১১ সালে কোচ হিসেবে নিয়োগ পেয়ে দায়িত্ব পালন করেছেন ২০১২ সাল পর্যন্ত। এছাড়া ওয়েস্ট ইন্ডিজের প্রধান কোচের দায়িত্ব পালন করেছেন ২০১৭ থেকে ২০১৮ সাল পর্যন্ত। এর বাইরে শ্রীলঙ্কা ও আফগানিস্তানের কোচ হিসেবেও অন্তর্বর্তীকালীন দায়িত্ব পালন করেছেন তিনি। ব্যাটিং কোচ হিসেবে কাজ করেছেন অস্ট্রেলিয়া জাতীয় দলের সঙ্গেও। এছাড়া বাংলাদেশ অনূর্ধ্ব১৯ দলের প্রধান কোচ হিসেবেও দায়িত্ব পালন করেছেন তিনি। তার অধীনেই এসেছিল যুব এশিয়া কাপের শিরোপা। এছাড়া ২০১২ সালে প্রথমবার এশিয়া কাপের ফাইনালে ওঠে বাংলাদেশ।

আগামী ২১ মে শুরু হবে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র ৩ ম্যাচ টি-টোয়েন্টি সিরিজ। পরের দুটি ম্যাচ হবে ২৩ ও ২৫ মে। সিরিজের সব কটি ম্যাচই হবে টেক্সাসের হিউস্টনের প্রেইরি ভিউ ক্রিকেট কমপ্লেক্সে। সেখানেই স্টুয়ার্ট ল দেখা পাবেন বাংলাদেশ দলের।

# কার হাতে উঠবে এবারের চ্যাম্পিয়ন্স লিগ শিরোপা?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ। ক্লাব ফুটবলের শ্রেষ্ঠত্ব মাপার সেরা টুর্নামেন্ট এটি। যার জন্য বছরজুড়ে চলা এই টুর্নামেন্টের ম্যাচগুলোর উপর বিশেষ নজর থাকে পুরো ফুটবল দুনিয়ার। এবারও তার ব্যতিক্রম কিছু ঘটেনি। চ্যাম্পিয়ন্স লিগের এবারের আসরেও নজর ছিল পুরো ফুটবল বিশ্বের। যেখানে চলেছে দীর্ঘ নাটকীয়তা।

আর সেই দীর্ঘ নাটকীয়তার পর অবশেষে নিশ্চিত হয়েছে এবারের চ্যাম্পিয়ন্স লিগের শেষ চার। যেখানে স্থান করে নিয়েছে তিন দেশের চার দল। টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগে বুধবার (১৭ এপ্রিল) গতবারের চ্যাম্পিয়ন ম্যানসিটিকে টাইব্রেকারে হারিয়ে সেমিতে পা দিয়েছে রিয়াল মাদ্রিদ। আর অন্য ম্যাচে আর্সেনালকে হারিয়ে সেমিফাইনালে উঠেছে বায়ার্ন মিউনিখ। তার আগে মঙ্গলবার (১৬ এপ্রিল) বার্সেলোনাকে বিদায় করে দেয় পিএসজি। আর অ্যাতলেটিকোকে হারিয়ে ১১ বছর পর চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে ওঠে বরুশিয়া ডর্টমুন্ড।

চ্যাম্পিয়ন্স লিগের লড়াই এখন শেষের দিকে। ৩২ দলের টুর্নামেন্ট এখন নেমে এসেছে ৪ দলে। আর দুই ধাপ পেরোলেই একটি দলের হাতে উঠবে ইউরোপিয়ান শ্রেষ্ঠত্বের ট্রফি। যেখানে শেষ চারের টিকিট পাওয়া প্রতিটি দলের আছে শিরোপা জয়ের দারুণ সম্ভাবনা। নিজেদের সেরাটা দিতে পারলে বাজিমাত করতে পারে যে কেউ।

এবারের চ্যাম্পিয়ন হওয়ার দৌড়ে সবচেয়ে এগিয়ে রয়েছে টুর্নামেন্টটি সবচেয়ে সফল দল রিয়াল মাদ্রিদ। কারণ চ্যাম্পিয়নস লিগের রাজা কারা এমন প্রশ্নের উত্তরে রিয়াল মাদ্রিদের নামটাই বলতে হবে সবার আগে। ইউরোপিয়ান শ্রেষ্ঠত্বের ১৪টি শিরোপা তাদের দখলে। এমনকি দ্বিতীয় স্থানে থাকা এসি মিলানের চেয়ে দ্বিগুণ (৭টি) শিরোপা রিয়ালের দখলে।

শুধু তাই নয়, এবার সেমিতে রিয়ালের প্রতিপক্ষ বায়ার্ন মিউনিখও নেই তাদের ধারে কাছে। কারণ বায়ার্ন এ পর্যন্ত শ্রেষ্ঠত্বের এ টুর্নামেন্ট জিতেছে ৬ বার। এছাড়া অন্য দুই সেমি ফাইনালিস্টের মধ্যে ডটমুন্ড শিরোপা জিতেছে একবার। আর ফ্রান্সের পিএসজির নেই সেই অর্জনও।

এছাড়াও ১৯৯২ সালে চ্যাম্পিয়নস লিগের নতুন সংস্করণ শুরু হওয়ার পর থেকে হিসাব করলেও রিয়ালেরই জয়জয়কার। সে সময় থেকে রিয়াল শিরোপা জিতেছে ৮টি। যেখানে নতুন সংস্করণ দূরে থাক, সব মিলিয়েও ৮টি শিরোপা জিততে পারেনি অন্য কোনো ক্লাব।

আর তাই সবদিক হিসাব করতে গেলে রিয়াল মাদ্রিদকেই এগিয়ে রাখছেন সংশ্লিষ্টরা। এমনকি ফুটবলের তথ্যপরিসংখ্যান বিশ্লেষণী ওয়েবসাইট 'অপ্টা'-এর সুপারকম্পিউটারও জানাচ্ছে একই তথ্য। এবারের চ্যাম্পিয়ন্স লিগের শেষ চার নিশ্চিতের পর কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে বানানো অপ্টার বাছাইয়ে দেখা গেছে এবার শিরোপা জয়ের সম্ভাবনা সবচেয়ে বেশি স্প্যানিশ জায়ান্ট রিয়াল মাদ্রিদের।

তথ্য-উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে অপ্টার দেয়া তথ্যমতে, এবারের চ্যাম্পিয়ন্স লিগে রিয়ালের শিরোপা জয়ের সম্ভাবনা ৩৯.৩১ শতাংশ। দ্বিতীয় স্থানে থাকা টুর্নামেন্টে কখনও চ্যাম্পিয়ন না হওয়া প্যারিস সেইন্ট জার্মেই'র (পিএসপজি) সম্ভাবনা ২৭.৪১ শতাংশ।

শুধু তাই নয়, অপ্টার তথ্য অনুযায়ী শিরোপা জয়ের ক্ষেত্রে তৃতীয় ফেভারিট দল টুর্নামেন্টের ৬ বারের চ্যাম্পিয়ন বায়ার্ন মিউনিখ। এই দলের সম্ভাবনা ১৬.৯০ শতাংশ। আর লম্বা সময় ধরে চ্যাম্পিয়ন্স লিগের শিরোপা প্রত্যাশী বরুশিয়া ডর্টমুন্ডের সম্ভাবনা১৬.৩৮ শতাংশ।

উল্লেখ্য, চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের লড়াই শুরু হবে আগামী ৩০ এপ্রিল থেকে। সেমিফাইনালের দ্বিতীয় লেগের খেলা অনুষ্ঠিত হবে ৭ মে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR